



The Weekly Bangla Patrika
সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
www.banglapatrikausa.com
বর্ষ ২৮ সংখ্যা ৪৮ সোমবার ভাদ্র ১১ ১৪৩১ / সফর ২০ ১৪৪৬ / Vol. 28 / Issue 48 / August 26, 2024 USA. Free in NY, Other State $1

# হোমকেয়ার সেবায় বেতন কমলো

**বিশেষ প্রতিনিধি:**
নিউইয়র্ক সিটিতে প্রতিনিয়ত বাড়ছে বয়স্ক মানুষের সংখ্যা। তুলনামূলক যারা কাজ করতে অক্ষম, এমন *(বাকি অংশ ১২ এর পাতায়)*

# বন্যার পানি কমলেও দুর্ভোগ কমেনি

**বাংলা পত্রিকা ডেস্ক:**
বাংলাদেশে বন্যায় প্লাবিত অঞ্চলগুলো থেকে নামতে শুরু করলেও এখনো আটকে আছেন অসংখ্য মানুষ। প্লাবিত অঞ্চলগুলোর পরিবহনও ব্যবস্থায়ও রয়েছে বন্যার মারাত্মক প্রভাব।

এদিকে দেশের উপকূলীয় অঞ্চলগুলোতে আজ রোববার অপেক্ষাকৃত বেশি বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগের বিভিন্ন অঞ্চলে বেশি মাত্রায় বৃষ্টি হতে পারে পূর্বাভাসে বলা হয়েছে।

শনিবার থেকেই এসব অঞ্চলে বৃষ্টির প্রবণতা বেড়েছে। *(বাকি অংশ ৩ এর পাতায়)*

## সোসাইটি নির্বাচনে ১৯ পদে ৪০ মনোনয়ন

# ‘রুহুল-জাহিদ’ ও সেলিম-আলী’ প্যানেল মুখোমুখি



‘রুহুল-জাহিদ’ প্যানেলের সভাপতি পদপ্রার্থী রুহুল আমিন সিদ্দিকী ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু



সেলিম-আলী’ প্যানেলের সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী

**বাংলা পত্রিকা রিপোর্ট:**
বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন ঘিরে নির্বাচন কমিশন ঘোষিত তফসীর মোতাবেক সম্ভাব্য প্রার্থীরা মনোনয়নপত্র ক্রয় করেছেন। রোববার (২৫ আগষ্ট) সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদের বিপরীতে ৪০টি মনোনয়নপত্র বিক্রি এবং মনোনয়নপত্রের প্যাকেজ বিক্রি বাবদ ২০ হাজার ডলার আয় হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের ‘মাদার সংগঠন’ হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি ইনক এর দ্বি-বার্ষিক কার্যকরি কমিটির (২০২৫-২০২৬) নির্বাচন আগামী ২৭ অক্টোবর রোববার সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ঘোষিত তফসিল মোতাবেক মনোনয়নপত্র জমা নেয়া হবে ২ সেপ্টেম্বর সোমবার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত, মনোনয়নপত্র যাচাই-বাছাই ৩ সেপ্টেম্বর মঙ্গলবার বিকেল ৫টা থেকে রাত ৯টা। প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ ৪ সেপ্টেম্বর বুধবার বিকালে। ৫ সেপ্টেম্বর *(বাকি অংশ ২ এর পাতায়)*

# কখন নির্বাচন হবে সেটা সম্পূর্ণ রাজনৈতিক সিদ্ধান্ত, সরকারের নয়

## জাতির উদ্দেশ্যে ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস



**ঢাকা ডেস্ক:**
অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, কখন নির্বাচন হবে সেটা সম্পূর্ণ রাজনৈতিক সিদ্ধান্ত, সরকারের নয়। দেশবাসীকে ঠিক করতে হবে তাঁরা কখন এই সরকারকে বিদায় দেবেন। দেশের সংকটকালে ছাত্রদের আহ্বানে তাঁরা এই দায়িত্ব নিয়েছেন। সরকার সমস্ত শক্তি দিয়ে এই দায়িত্ব পালন করবে। রোববার (২৫ আগষ্ট) সন্ধ্যায় জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা এসব কথা বলেন। গত ৮ আগস্ট অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেওয়ার পর রোববার প্রথমবারের মতো জাতির উদ্দেশে ভাষণ দেন ড. মুহাম্মদ ইউনূস। বিচার বিভাগ, পুলিশ, প্রশাসন, নির্বাচন কমিশন, অর্থনীতি, শিক্ষা, স্বাস্থ্যসহ বিভিন্ন খাতে সংস্কারের উদ্যোগের কথাও তুলে ধরেন তিনি।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকারের মেয়াদ কতদিন হবে, জাতীয় সংসদ নির্বাচন *(বাকি অংশ ১১ এর পাতায়)*

## কোটা সংস্কার আন্দোলন

# নিহত শিশু-কিশোরের সংখ্যা ৮৯

**ঢাকা ডেস্ক:**
সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলন, সরকারের পদত্যাগের দাবিতে বিক্ষোভ ও পরবর্তী সহিংসতায় নিহত শিশু-কিশোরের সংখ্যা দাঁড়িয়েছে অন্তত ৮৯। ২৫ আগস্ট এমন প্রতিবেদন প্রকাশ করে প্রথম আলো। নতুন করে যাঁদের মৃত্যুর তথ্য সংযোজন করা হয়েছে, তাঁদের কেউ কেউ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। কারও কারও মৃত্যুর খোঁজ পরে পাওয়া গেছে।

প্রতিবেদনে বলা হয়, ছাত্র-জনতার অভ্যুত্থান ও পরবর্তী সময়ে মোট ৭৫৮ জনের মৃত্যু হয়। এর মধ্যে ১৬ জুলাই থেকে ৩ আগস্ট পর্যন্ত মারা গেছেন ৩৪১ জন। ৪ থেকে ২৪ আগস্টের মধ্যে মারা গেছেন ৪১৭ জন। বিক্ষোভ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ছররা ও প্রাণঘাতী গুলি, আওয়ামী লীগের নেতা-কর্মীদের হামলা ও গুলি এবং সরকার পতনের পর হামলা-অগ্নিসংযোগে শিশু-কিশোরের মৃত্যুর ঘটনা ঘটে।

নিহত কিশোরদের মধ্যে বেশির ভাগই বিক্ষোভে অংশ নিয়েছিল। তবে শিশু-কিশোরদের কেউ কেউ বাসায় ও বাসার ছাদে খেলতে থাকা অবস্থায়, বাসা থেকে বিক্ষোভ দেখার সময় এবং মা-বাবার সঙ্গে বিজয় মিছিলে যোগ দিতে গিয়ে নিহত হয়েছে।

পুরান ঢাকার গেন্ডারিয়া আদর্শ উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র শাহারিয়ার খান আনাস (১৬) ৫ আগস্ট বাড়িতে চিঠি লিখে চলে যায় বিক্ষোভে। চিঠিতে সে লেখে, ‘মা, আমি মিছিলে যাচ্ছি।

*(বাকি অংশ ২২ এর পাতায়)*

# নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশী নিখোঁজ



নিখোঁজ নজরুল ইসলাম

**বাংলা পত্রিকা রিপোর্ট:**
নিউইয়র্ক সিটির কুইন্সের ১০৯-২৫ ২০২ স্ট্রীটে *(বাকি অংশ ৬ এর পাতায়)*

# ফারাক্কা বাঁধের ১০৯টি গেট খুলে দিলো ভারত

**বাংলা পত্রিকা ডেস্ক:**
ফারাক্কা বাঁধের ১০৯টি গেটের সবগুলোই খুলে দিয়েছে ভারত। বিহারের গঙ্গায় পানির স্তর অস্বাভাবিক বেড়ে যাওয়ায় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার ফারাক্কার এই গেটগুলো খুলে দেওয়া হয়েছে বলে নিশ্চিত করেছে ভারত সরকার।

গত কয়েক দিন ধরেই ভয়াবহ বন্যায় ভাসছে বাংলাদেশের ১১টি জেলা। বিশেষ করে ফেনী, কুমিল্লা, নোয়াখালী, লক্ষ্মীপুর, মৌলভীবাজার, হবিগঞ্জ এবং চট্টগ্রাম জেলার মানুষ কবলিত হয়েছেন এই বন্যায়। ১১ জেলায় এ পর্যন্ত মারা গেছেন ২৩ জন আর ক্ষতিগ্রস্ত হয়েছে ৫৭ লাখেরও বেশি মানুষ। সোমবার (২৬ আগস্ট) এ তথ্য জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের সচিব কামরুল হাসান। ফারাক্কা বাঁধের ১০৯টি গেট খুলে দেওয়ার বন্যা পরিস্থিতির আরও অবনতি হওয়ার আশঙ্কা করছে বাংলাদেশ।

তবে ফারাক্কা বাঁধ প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছে, পশ্চিমবঙ্গে ফারাক্কা বাঁধ প্রকল্পের পানি ডেঞ্জার লেভেল পার করায় ছাড়া হচ্ছে। বছরের বাকি সময়ে আপ স্ট্রিমে পানি যেমন থাকে সেই অনুযায়ী ছাড়া হয় ডাউন স্ট্রিমে।

বর্তমানে *(বাকি অংশ ৬ এর পাতায়)*

# প্রত্যাহার হচ্ছে জামায়াত নিষিদ্ধের আদেশ

**ঢাকা ডেস্ক:**
বাংলাদেশে দেড় দশক পর প্রকাশ্যে কার্যক্রম চালাচ্ছে জামায়াত। দলটির কার্যালয় এরইমধ্যে খুলে দেয়া হয়েছে। যদিও রাজনৈতিক কর্মসূচি পালন না করে সামাজিক কার্যক্রমে মনোযোগ দিয়েছে তারা। গত ৫ আগস্টের নাটকীয় পরিবর্তনের পর জামায়াত বৈঠক করেছে প্রেসিডেন্ট, প্রধান উপদেষ্টা এবং সেনাপ্রধানের সঙ্গে। যদিও কাগজে-কলমে দলটি এখনো নিষিদ্ধ। তবে শেষ পর্যন্ত জামায়াত-শিবির নিষিদ্ধের আদেশ প্রত্যাহার হচ্ছে। সরকারের একাধিক সূত্র জানিয়েছে দুই-একদিনের মধ্যেই এ ব্যাপারে প্রজ্ঞাপন জারি হতে পারে। নিষিদ্ধের আদেশ এবং নিবন্ধনের *(বাকি অংশ ৬ এর পাতায়)*














# ‘রুহুল-জাহিদ’ ও সেলিম-আলী’ প্যানেল মুখোমুখি



বাংলাদেশ সোসাইটির নিজস্ব কার্যালয় থেকে ২৫ আগস্ট রোববার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত সোসাইটির কার্যকরী পরিষদের নির্বাচনে ১৯টি পদের বিপরীতে ৪০টি মনোনয়নপত্র বিক্রি করা হয়। ছবি বাংলা পত্রিকা।

*(প্রথম পাতার পর)* বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত আপিল ও শুনানী হবে। মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে ৭ সেপ্টেম্বর শনিবার বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ৮ সেপ্টেম্বর, রোববার। মনোনয়ন সংক্রান্ত সকল কার্যক্রম বাংলাদেশ সোসাইটির নিজস্ব কার্যালয় থেকে নির্বাচন কমিশন পরিচালনা করবেন। খবর ইউএনএ’র।

সিটির এলহার্স্টস্থ সোসাইটির নিজস্ব কার্যালয়ে রোববার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত ছিলো মনোনয়নপত্র বিক্রির সময়। এসময় আনন্দমূখর পরিবেশে জামাল আহমেদ জনি’র নেতৃত্বে নির্বাচন কমিশনের সদস্যগণের কাছ থেকে আক্টোবরের নির্বাচনে সম্ভাব্য প্রার্থী ও প্যানেলের পক্ষ থেকে মনোনয়নপত্রের প্যাকেজ ক্রয় করা হয়। এতে ‘সেলিম-আলী’ ও ‘রুহুল-জাহিদ’ এই দুই প্যানেল থেকে ১৯টি করে ৩৮টি এবং আরো দুজনের পক্ষ থেকে আরো দুটি মনোনয়নপত্র ক্রয় করা হয়। প্যানেলের বাইরে স্বতন্ত্র হিসেবে যারা মনোনয়নপত্র ক্রয় করেছেন তারা হলেন- এলমহার্স্ট-এর আবুল কাশেম ও ব্রুকলীনের মাহমুদুল হক। তবে তারা কোন পদে মনোনয়নপত্র জমা দেবেন তা জানা যায়নি। মনোনয়নপত্র বিক্রয়ের সময় নির্বাচন কমিশনের সদস্যদের মধ্যে মোহাম্মদ এ হাকিম, মোহাম্মদ আনোয়ার হোসেন, মোহাম্মদ হেলাল উদ্দিন ও আহবাব চৌধুরী উপস্থিত ছিলেন।

প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি এ প্রতিনিধিকে জানান, সন্দুরভাবে মনোননয়নপত্র বিক্রি পর্ব শেষ হয়েছে। এদিন সোসাইটির কার্যকরী পরিষদের পক্ষ থেকে সভাপতি আব্দুর রব মিয়া এবং প্রচার ও জনসংযোগ সম্পাদক রিজু মোহাম্মদ সার্বিকভাবে কমিশনকে সহযোগিতা করেছেন।

মনোনয়নপত্র ক্রয়ের সময় ‘সেলিম-আলী’ প্যানেলের পক্ষে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিমের নেতৃত্বে এই প্যানেলের পক্ষে প্রথম মনোনয়নপত্র ক্রয় করা হয়। এসময় ‘সেলিম-আলী’ প্যানেলের যুগ্ম আহবায়ক কাজী আযম, সদস্য সচিব তোফায়েল আহমেদ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মফিজুর রহমান রুমি, মোহাম্মদ এ সিদ্দিক, আবুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

অপরদিকে ‘রুহুল-জাহিদ’ প্যানেলের পক্ষে সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টুর নেতৃত্বে মনোনয়নপত্র ক্রয়ের সময় তাজুল ইসলাম, বৃহত্তর নোয়াখালী সোসাইটির সভাপতি নাজমুল মানিক ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা (একাংশ) সভাপতি মইনুল ইসলাম সহ কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফারুক চৌধুরী, রুমানা আহমেদ, আমিনুল ইসলাম চৌধুরী, আনোয়ারুল ইসলাম, বদরুল হক আজাদ, নওশাদ হোসেন, মাহবুবুর রহমান, আল আমীন প্রমুখ উপস্থিত ছিলেন।

আরো উল্লেখ্য, এবার সোসাইটির ভোটার সংখ্যা মোট ১৮ হাজার ৬১৩ জন। এদের মধ্যে সাধারণ ভোটার ১৭ হাজার ৭৫৯ এবং আজীবন সদস্য ৮৫৪ জন। এবারের নির্বাচনের জন্য ৫টি ভোট কেন্দ্র করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্ভাব্য কেন্দ্রগুলোর নাম ও স্থান নির্বাচন কমিশন পরে জানিয়ে দিবে।

‘সেলিম-আলী’ প্যানেল ঘোষনা ও পরিচিত সভা ২৮ আগষ্ট

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘সেলিম-আলী’ প্যানেল ঘোষণা ও প্রার্থীদের পরিচিত হবে আগামী ২৮ আগস্ট বুধবার। এদিন সন্ধ্যা ৭টায় জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টের মিলনায়তনে প্যানেলটির পক্ষ থেকে এক অনুষ্ঠানের আয়োজিন করা হয়েছে। এতে উপস্থিত থাকার জন্য সকল প্রবাসী বাংলাদেশীর প্রতি অনুরোধ জানিয়েছেন সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী।

# কখন নির্বাচন হবে সেটা সম্পূর্ণ

*(১১এর পাতা থেকে)*
বিগত সরকার। বর্তমান সরকার তার পূর্ণাঙ্গ সংস্কারের উদ্যোগ নেবে। এটা অন্যতম অগ্রাধিকার। শিক্ষার্থীদের জন্য সৃজনশীল, নিরাপদ ও ভীতিমুক্ত পরিবেশ নিশ্চিত করা সরকারের অঙ্গীকার। একই সঙ্গে পাঠ্যক্রমকেও যুগোপযোগী করার কাজ দ্রুত শুরু করা হবে।


বাংলাদেশের স্বাস্থ্য খাত অন্যতম দুর্নীতিগ্রস্ত খাত উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, জনগণের জন্য পর্যাপ্ত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এ খাতে প্রয়োজনীয় সংস্কার করা হবে।

প্রধান উপদেষ্টা বলেন, প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে রাজনৈতিক ঐক্যের মধ্য দিয়ে নিশ্চিত করা হবে নারী, শিশু, প্রতিবন্ধী, ধর্মীয় সংখ্যালঘু, আদিবাসী সকলেই এ দেশের নাগরিক এবং সমান আইনের সুরক্ষার অধিকারী।

চলমান বন্যা পরিস্থিতির বিষয়ে প্রধান উপদেষ্টা বলেন, বন্যা কবলিত এলাকার সব মানুষের দুর্ভোগ লাঘবে সরকারের সঠিক সহায়তা দেওয়ার জন্য সরকারের যত কার্যক্রম আছে সব সচল করা হয়েছে। বন্যপরবর্তী কার্যক্রম নেওয়া হয়েছে। ভবিষ্যতে বন্যা নিয়ন্ত্রণের জন্য করণীয় কী তা স্থির করার পদক্ষেপ নেওয়া হচ্ছে।

গণ-অভ্যুত্থানে প্রবাসী বাংলাদেশীদের অবদানের কথা তুলে ধরে প্রধান উপদেষ্টা বলেন, সরকারের একটি লক্ষ্য হবে বিদেশগামী এবং প্রত্যাবর্তনকারী প্রত্যেক প্রবাসী শ্রমিককে মর্যাদা ও সম্মানের সঙ্গে দেশে আসা এবং যাওয়া নিশ্চিত করা। সে ব্যাপারে শিগগিরই পদক্ষেপ নেওয়া হবে।

সবার সহযোগিতা চেয়ে প্রধান উপদেষ্টা বলেন, ‘দায়িত্ব গ্রহণের পর থেকে প্রতিদিন সচিবালয়ে, আমার অফিসের আশেপাশে, শহরের বিভিন্ন স্থানে সমাবেশ করা হচ্ছে। গত ১৬ বছরের অনেক দুঃখ-কষ্ট আপনাদের জমা আছে। সেটা আমরা বুঝি। আমাদের যদি কাজ করতে না দেন তাহলে এই দুঃখ ঘোচানোর সকল পথ বন্ধ হয়ে থাকবে। আপনাদের কাছে অনুরোধ, আমাদের কাজ করতে দিন। আপনাদের যা চাওয়া লিখিতভাবে আমাদের দিয়ে যান। আমরা আপনাদের বিপক্ষ দল নই। আইনসঙ্গতভাবে যা কিছু করার আমরা অবশ্যই করব। কিন্তু আমাদের ঘেরাও করে কাজে বাধা দেবেন না।’



# বন্যার পানি কমলেও দুর্ভোগ কমেনি



*(প্রথম পাতার পর)* তবে সোমবার থেকে দেশজুড়ে বৃষ্টির প্রবণতা কমার সম্ভাবনা রয়েছে।

যানজটে টানা তিন দিন পুরোপুরি স্থবির থাকার পর অবশেষে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে রোববার ধীরগতিতে যান চলাচল শুরু হয়েছে।

গণমাধ্যমের খবরে বলা হয়, মহাসড়কে মহিপাল, রামপুরসহ একাধিক অংশে গিয়ে আজ রোববার দুপুরে উভয়মুখী লেনে গাড়িগুলো ধীরগতিতে এগোতে দেখা গিয়েছে।

বন্যার স্রোতে ক্ষতিগ্রস্ত মহাসড়কের একাধিক অংশে সেনাবাহিনীর ২৬ ইসিবির সহযোগিতায় সড়ক সংস্কারের কাজ করছে সড়ক ও সেতু বিভাগ।

বন্যার পানির তীব্র স্রোতে মহাসড়কের লালপোল ও লেমুয়া অংশে ফাটলে সৃষ্টি হয় একাধিক বিশাল গর্তের। একইসঙ্গে ভেঙে পড়েছিল মহাসড়কের সড়ক বাঁধ। সেগুলো মেরামতের কাজ করছেন সেনা সদস্যেরা।

বন্যার পানির কারণে তৈরি তীব্র যানজটে বিপদে পড়েন লাখো মানুষ। তাদের মধ্যে সবচেয়ে বেশি সমস্যায় পড়েছিলেন বৃদ্ধ, নারী ও শিশুরা।

অন্যদিকে, বন্যার পানিতে তলিয়ে যাওয়া এক শিশুকে মুমূর্ষু অবস্থায় পরিবারের সদস্যরা উদ্ধার করেছিল। পরে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) হেলিকপ্টারে শিশুটিকে ঢাকায় এনে হাসপাতালে ভর্তি করেছে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, গতকাল শনিবার সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বন্যা উপদ্রুত এলাকায় গড়ে ১৫ সেন্টিমিটার পানি কমেছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্যমতে, শনিবার সন্ধ্যা ছয়টা পর্যন্ত বন্যা উপদ্রুত এলাকার ছয় নদ-নদীর পানি বিভিন্ন পয়েন্টে বিপৎসীমার ওপর দিয়ে বয়ে যাচ্ছিল।

নদ-নদীগুলো হলো কুশিয়ারা, মনু, খোয়াই, গোমতী, মুহুরি ও ফেনী। এর মধ্যে সর্বোচ্চ ফেনী নদীর পানি রামগড় পয়েন্টে বয়ে যাচ্ছিল বিপৎসীমার ৯২ সেন্টিমিটার ওপর দিয়ে। আর মনু নদের পানি মৌলভীবাজার পয়েন্টে ৬৬ সেন্টিমিটার ওপর দিয়ে বয়ে যাচ্ছিল।

এবারের বন্যায় যে ১১টি জেলা ব্যাপক ক্ষতির মুখে পড়েছে, তার মধ্যে একটি ফেনী। বন্যায় পুরো ফেনী শহর জলমগ্ন হয়ে পড়েছে।

বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে কুমিল্লার গোমতী নদীর পানি। এতে নদীর শহর রক্ষা বাঁধ দিয়ে চুইয়ে পানি বের হচ্ছে। এই নিয়ে আশঙ্কায় রয়েছেন শহরবাসী। কুমিল্লায় বন্যা হলে পানি নামার পথ গোমতী নদী। এই নদী অনেকটাই ভরে গেছে। আর সে কারণেই পানি সরতে অসুবিধা হচ্ছে মনে করেন পাউবোর সাবেক অতিরিক্ত মহাপরিচালক ও বেসরকারি জল পরিবেশ ইনস্টিটিউটের চেয়ারম্যান ম ইনামুল হক।

তিনি বলেন, ফেনীর সোনাগাজীতে ফেনী নদীর বাঁধের যে রেগুলেটর আছে, সেখানকার ৫০ থেকে ৬০ কিলোমিটার ভাটিতে চর পড়ে গেছে। এ ছাড়া ফেনী নদীও বেশ সংকীর্ণ। সাগরে পানি যাওয়ার পথও সংকীর্ণ। এ কারণেই এখানে এই অবস্থার সৃষ্টি হয়েছে। এখন এখনকার রেগুলেটরকে পরিত্যক্ত ঘোষণা করে আরও ভাটিতে নতুন করে তা করতে হতে পারে। এসব নিয়ে পানি উন্নয়ন বোর্ডকে নতুন করে ভাবতে হবে।

বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে কুমিল্লার গোমতী নদীর পানি। নদীর শহর রক্ষা বাঁধ দিয়ে চুইয়ে পানি বের হচ্ছে। এই নিয়ে আশঙ্কায় রয়েছেন শহরবাসী।

# ওজনপার্কে ‘আমার বাড়ী’ রেষ্টুরেন্টের উদ্বোধন







**বাংলা পত্রিকা রিপোর্ট:**
নিউইয়র্কের ওজনপার্কে উদ্বোধন হলো ‘আমার বাড়ী’ নামের নতুন রেষ্টুরেন্ট। জন্মদিন, সুইট সিক্সনটিন ও বিবাহ সহ যে কোন ধরণের অনুষ্ঠানের সুবিধা সহ শুক্রবার (২৩ আগষ্ট) বাদ জুম্মা ১০-৭৫ লিবার্টি এভিনিউতে যাত্রা শুরু করেছে রেস্টুরেন্টটি। চোখ জুড়ানো কারু কাজ। নতুন সাজে সজ্জিত। দেখে সহজেই বোঝা যায় নতুন কোন কিছু। এটি ‘আমার বাড়ি’ নামের নতুন রেস্টুরেন্ট। যেন প্রবাসী বাংলাদেশীদের রুচি সম্মত বাঙালী খাবারের ঐতিহ্যবাহী রেস্টুরেন্ট।

নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশীদের চাহিদার কথা ভেবেই নিজেদের বাড়ীর মতো সাজানো হয়েছে, আমার বাড়ী রেষ্টুরেন্ট। এমনটিই জানালেন রেষ্টুরেন্টটির দুই কর্নধার মোহাম্মদ কাউসার ও কামরুল ইসলাম।

নতুন এই রেষ্টুরেন্ট দৃষ্টি কেড়েছে প্রবাসীদের। রেষ্টুরেন্টটিতে সরজমিনে গিয়ে দেখা যায় কেউ খাচ্ছেন গরুর মাংসের তেহারি। কেউবা আবার খাচ্ছেন চিকেন বিরিয়ানি। তবে সবকিছু ছাড়িয়ে ডাল, মাছ, ভাতের দিকেই যেন আকর্ষণ বেশি প্রবাসী বাংলাদেশীদের। দেশীয় স্বাদের কথা বিবেচনা করেই রেস্টুরেন্ট মালিক তাদের এই রেস্টুরেন্ট চালু করেছেন জানান এক স্টাফ। দেশীয় খাবার, রুচি সম্মত পরিবেশ আর সুলভ মূল্যে বাঙালীয়ানায় তৃপ্তি সহকারে খাবারের রেষ্টুরেন্ট হিসেবে সবার বাড়ী হবে ‘আমার বাড়ী’ রেষ্টুরেন্ট’ এমনটাই আশা কর্তৃপক্ষের।



The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

# বন্যা এবং রাজনীতি

ভয়াবহ বন্যায় দেশের কমপক্ষে ১২ জেলার প্রায় অর্ধকোটিরও বেশি মানুষের জীবনে নেমে এসেছে চরম দুর্গতি। বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ বাংলাদেশের মানুষের জন্য নতুন কোনো অভিজ্ঞতা নয়। কিন্তু এবার বন্যার আঘাত এসেছে কিছুটা আকস্মিকভাবে। কয়েক দিনের প্রবল বর্ষণ এবং ভারতের ত্রিপুরা থেকে নেমে আসা ঢলে ফেনী, কুমিল্লা, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি, কক্সবাজার, লক্ষ্মীপুর, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জের বিস্তীর্ণ অঞ্চল তলিয়ে গেছে। একদিকে দুর্গত মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া, তাদের জন্য খাবার সরবরাহে যেমন সরকারি ও বেসরকারি পর্যায়ে নানা উদ্যোগ লক্ষ করা যাচ্ছে, অন্যদিকে তেমনি এই নজিরবিহীন বন্যা নিয়ে রাজনীতিও দেখা যাচ্ছে।

> *“বাংলাদেশে তিন সপ্তাহ আগে একটি বড় রাজনৈতিক পটপরিবর্তন হয়েছে। দেশের সব ক্ষেত্রে এখনো স্থিতিশীলতা ফিরে আসেনি। এ অবস্থায় বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ নিয়ে প্রতিবেশী দেশের সঙ্গে দোষারোপের রাজনীতি করা কতটুকু সমীচীন, সে প্রশ্ন করা যেতেই পারে।*
> *নদী নিয়ে, নদীর পানিবন্টন নিয়ে ভারতের সঙ্গে বাংলাদেশের সমস্যা আছে। এ নিয়ে রাজনীতিও আছে। পানিবিশেষজ্ঞ ড. আইনুন নিশাত বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির সঙ্গে রাজনীতির যোগসূত্র যা-ই থাক, পানি নিয়ে রাজনীতি আছে। এক দেশ কতটা পানি দেবে, কতটা ছাড়বে- এটি রাজনীতির অংশ। কিন্তু এবারে যে বন্যা হচ্ছে, তা রাজনীতির অংশ নয়।”*

অন্তর্বর্তী সরকারের তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম বলেছেন, ‘কোনো ধরনের আগাম সতর্কতা ও প্রস্তুতি নেওয়ার সুযোগ না দিয়েই বাঁধ খুলে দেওয়া হয়েছে। এর মাধ্যমে ভারত অমানবিকতার পরিচয় দিয়েছে এবং বাংলাদেশের সঙ্গে অসহযোগিতা করছে।’ উপদেষ্টা নাহিদ বলেন, ‘আমরা আশা করব, দ্রুততম সময়ের মধ্যে ভারত বাংলাদেশের জনগণবিরোধী এ ধরনের নীতি থেকে সরে আসবে। ভারতের এ নীতি নিয়ে বাংলাদেশের শিক্ষার্থী ও জনগণ ক্ষুব্ধ।’

সত্যি কি ভারতের ত্রিপুরার ডাম্বুর বাঁধ খুলে দেওয়াই বাংলাদেশে বন্যার কারণ? বৃহস্পতিবার ২২ আগষ্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, ‘ত্রিপুরার গোমতী নদীতে ভারতীয় বাঁধ থেকে পানি ছাড়ার কারণে বাংলাদেশে বন্যা পরিস্থিতি তৈরি হয়নি। ভারত ও বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত গোমতী নদীর ক্যাচমেন্ট (অববাহিকায়) এলাকায় কয়েক দিন ধরে এ বছরের সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয়েছে। বাংলাদেশে বন্যা মূলত বাঁধের ভাটির দিকের এই বৃহৎ ক্যাচমেন্টের পানির কারণে ঘটেছে।’ এদিকে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেও বলেছেন, ত্রিপুরায় এবার যে বন্যা হয়েছে, তা নজিরবিহীন। সেখানে ৫০ হাজারের মতো মানুষ বাস্তুচ্যুত হয়েছে।

ওই সাক্ষাৎকারে বন্যা মোকাবিলায় বাংলাদেশ ও ভারতের মধ্যে একটি উচ্চতর কমিটি গঠন করার প্রস্তাব করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। যাতে ভয়াবহ বন্যা পরিস্থিতি তৈরি হলে দুই দেশ যৌথভাবে মোকাবিলা করতে পারে। তিনি অবশ্য বলেননি যে ভারতের কারণেই বাংলাদেশে বন্যা হয়েছে।

বাংলাদেশে তিন সপ্তাহ আগে একটি বড় রাজনৈতিক পটপরিবর্তন হয়েছে। দেশের সব ক্ষেত্রে এখনো স্থিতিশীলতা ফিরে আসেনি। এ অবস্থায় বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ নিয়ে প্রতিবেশী দেশের সঙ্গে দোষারোপের রাজনীতি করা কতটুকু সমীচীন, সে প্রশ্ন করা যেতেই পারে।

নদী নিয়ে, নদীর পানিবন্টন নিয়ে ভারতের সঙ্গে বাংলাদেশের সমস্যা আছে। এ নিয়ে রাজনীতিও আছে। পানিবিশেষজ্ঞ ড. আইনুন নিশাত বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির সঙ্গে রাজনীতির যোগসূত্র যা-ই থাক, পানি নিয়ে রাজনীতি আছে। এক দেশ কতটা পানি দেবে, কতটা ছাড়বে- এটি রাজনীতির অংশ। কিন্তু এবারে যে বন্যা হচ্ছে, তা রাজনীতির অংশ নয়।

# বিএনপিপন্থী কিছু আইনজীবীর দেশপ্রেম টাকার কাছে বিক্রি!

## স্টালিন সরকার

দৈনিক আমার দেশ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক মাহমুদুর রহমানের রক্তাক্ত মুখাবয়বের দৃশ্য মনে পড়ে? শেখ মুজিব-শেখ হাসিনা-টিউলিপ সিদ্দিককে নিয়ে কটূক্তির অভিযোগে কুষ্টিয়া আদালতে করা মামলার জামিন নিতে গিয়েছিলেন ২০১৮ সালের ২৩ জুলাই। কুষ্টিয়া আদালত চত্বরে তাকে পিটিয়ে রক্তাক্ত করা হয়। পাশে দাঁড়িয়ে থেকে ছাত্রলীগের বাহাদুরির (!) দৃশ্য উপভোগ করেন আওয়ামী লীগের একঝাঁক আইনজীবী ও অর্ধশত পুলিশ সদস্য। ২০১৮ সালের ৪ নভেম্বর রংপুর আদালত চত্বরে কারাবন্দি ব্যারিস্টার মইনুল হোসেনের (মরহুম) ওপর আক্রমণ করা হয়। আইনজীবী ও পুলিশের সামনে তার ওপর জুতা ও পচা ডিম নিক্ষেপ করে ছাত্রলীগ-যুবলীগ। একজন বন্দির ওপর এভাবে আক্রমণে আওয়ামী লীগের আইনজীবীরা ব্যারিস্টার মইনুলকে রক্ষায় এগিয়ে যাননি।

কারণ হচ্ছে রাজনৈতিক কমিটমেন্ট। আওয়ামী লীগ সমর্থিত আইনজীবীদের পেশাদারিত্ব, ন্যায়-অন্যায় ও মানবিকতার চেয়ে রাজনৈতিক কমিটমেন্ট অনেক দৃঢ়। মানবিকতা দেখিয়ে পেশাগত দায়িত্ব পালনে ‘আইনি সহায়তা পাওয়া সবার সাংবিধানিক অধিকার’ অজুহাত দেখিয়ে আওয়ামী লীগের আইনজীবীরা টাকা-পয়সা নিয়ে মাহমুদুর রহমান বা ব্যারিস্টার মইনুল হোসেনের পক্ষে আদালতে দাঁড়াতে পারতেন। কিন্তু তারা সেটা করেননি। কারণ পেশায় আইনজীবী হলেও আওয়ামী লীগ এবং শেখ হাসিনার প্রতি তাদের রাজনৈতিক কমিটমেন্ট ছিল প্রখর। তারা সত্যিকার অর্থেই আওয়ামী লীগার। নিম্ন আদালতে দেয়া বেগম খালেজা জিয়ার সাজা ৫ বছর থেকে বাড়িয়ে উচ্চ আদালতে যখন ১০ বছর করা হয় এবং মামলায় তারেক রহমানকে খালাস দেয়ায় নিম্ন আদালতের বিচারককে যখন হেনস্তা করা হয় তখন আওয়ামী লীগের মস্তবড় আইনজীবীরা প্রতিবাদ করেননি। তারা পেশায় আইনজীবী হলেও আদর্শ-দর্শনে আওয়ামী লীগ।

শুধু তাই নয়, শেখ হাসিনার ১৫ বছরের কর্তৃত্ববাদী শাসনের সময় বিএনপি নেতাদের বিরুদ্ধে দায়ের করা মামলা পেশাজীবী হিসেবে আওয়ামী লীগের আইনজীবীরা রাজনৈতিক কমিটমেন্টের কারণেই নেন না। টাকার চেয়েও তাদের কাছে দল বড় ছিল। অথচ বিএনপির আইনজীবীদের কেউ কেউ পেশাদারিত্বের অজুহাতে টাকার লোভে দেশে গণহত্যা করে ভারতে পালানো শেখ হাসিনার দোসরদের বিরুদ্ধে করা মামলা আইনি লড়াইয়ে নামার জন্য মরিয়া হয়ে উঠেছেন। পুলিশের গুলিতে হাজারো ছাত্র-জনতার প্রাণের বিনিময়ে শিক্ষার্থীদের আন্দোলনে অর্জিত সাফল্যের পর মানুষ শেখ হাসিনা ও তার হায়েনাদের বিচার চাচ্ছে। ইতোমধ্যেই অনেককে গ্রেফতার করে রিমান্ডে নেয়া হয়েছে। এ অবস্থায় আইনি সহায়তার নামে বিএনপির নেতা আইনজীবীদের কেউ কেউ হাসিনা দোসরদের সহায়তার চেষ্টা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিতর্ক শুরু হয়েছে। নেটিজেনদের অনেকেই বিএনপিপন্থি আইনজীবীদের রাজনৈতিক কমিটমেন্ট নিয়ে প্রশ্ন তুলেছেন। অনেকেই বলছেন, হাসিনার দোসররা ১৫ বছরে কোটি কোটি টাকা কামাই করেছে। হাসিনার রাজনৈতিক বিপর্যয়ের মধ্যে এখন তারা কিছু অর্থ দিয়ে বিএনপির আইনজীবীদের ব্যবহার করার কৌশল নিয়েছেন। সুবিধাবাদী আইনজীবীরা যদি লোভ সামলাতে না পেরে হাসিনার দোসরদের বাঁচানোর চেষ্টা করেন তাহলে তাদেরও প্রতিহত করা হবে।

হাসিনা ছিলেন ভয়ঙ্কর নিষ্ঠুর স্বৈরশাসক। তিনি খেয়ালখুশি মতো মানুষ খুনের ইন্ধন দিতেন। গুম-খুন তার কাছে ছিল ছেলেখেলার মতোই। ২০১২ সালের ১৭ এপ্রিল মহাখালী থেকে গুম হন ইলিয়াস আলী। ১৫ দিন পর বিএনপির এই নেতার স্ত্রী-সন্তানরা গণভবনে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করতে; উদ্দেশ্য ইলিয়াসকে ফিরে পাওয়া। সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাসছে সেই ভিডিও। দৃশ্যে দেখা যায়, সোফায় বসে আছেন ইলিয়াসের স্ত্রী ও সন্তানরা। অনতিদূরে আরেক সোফায় বসে শেখ হাসিনা ইলিয়াসের ৪/৫ বছর বয়সী কন্যার সঙ্গে খুঁনসুটি করছেন। হাসিনা কি খেলাচ্ছলে সেদিন ইলিয়াসের অবুঝ কন্যাকে বলেছিলেন, ‘আম্মু তোমার বাবাকে আমরা মেরে ফেলেছি’। তার আগেই ইলিয়াস আলীকে হত্যা করা হয়েছিল। হাসিনার নির্দেশেই পৈশাচিকভাবে ইলিয়াসের লাশ বস্তায় ইট-পাথর ভরে চট্টগ্রামের এক নদীতে ডুবিয়ে দেয়া হয়েছিল। হত্যাকাণ্ডের পর ইলিয়াসকে ফিরিয়ে দেয়ার আকুতি জানাতে স্ত্রী-সন্তানরা গণভবনে গিয়েছিলেন। সেই বীভৎস-নিষ্ঠুর হাসিনা দীর্ঘ ১৫ বছর ক্ষমতায় থেকে মাঠের বিরোধী দল হিসেবে পরিচিত বিএনপির লাখ লাখ নেতাকর্মীর ওপর জুলুম-নির্যাতন করেছেন। হত্যা-গুম, অপহরণ করে আয়না ঘরে রেখে বীভৎসভাবে নির্যাতন করে হাসিনা ও তার দোসররা দেশকে অপরাধীদের অভয়ারণ্যে পরিণত করেছিলেন। রাষ্ট্র পরিচালনার নামে হাসিনা দেশের রাজনৈতিক প্রতিপক্ষ, দলের নেতা ও মুজিববাদ বিরোধী গণমাধ্যমের ওপর জুলুম-নির্যাতন করে জনমনে ভীতির সংস্কৃতি সৃষ্টি করেছিলেন। একদিকে ক্ষমতার অপব্যবহার করে দোসরদের নানা সুযোগ-সুবিধা দিয়ে কোটি কোটি টাকার মালিক বানিয়েছেন এবং মহাপ্রকল্পের নামে বিদেশ থেকে ঋণ নিয়ে বিদেশে টাকা পাচারের সুযোগ করে দিয়েছেন; অন্যদিকে প্রতিপক্ষের কণ্ঠরোধ করেছেন নানা প্রক্রিয়ায়। তিনি সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো ধ্বংস এবং রাষ্ট্রীয় প্রশাসন-বিচারপতি-পুলিশসহ সব কিছুকেই দলীয় বাহিনীতে পরিণত করেছেন। হাসিনার স্তবক যেসব নেতা, সাবেক আমলা, সাবেক বিচারপতি, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ও আওয়ামী লীগের নেতা পালাতে পারেননি এবং আইনশৃঙ্খলা বাহিনীর হাতে ধরা পড়ছেন; তাদের বেশির ভাগের বাসায় বস্তায় বস্তায়, কোটি কোটি টাকা পাওয়া যাচ্ছে। একেক জনের বাসা যেন ব্যাংকের টাকার ভল্ট। অনেকেই টাকা অন্যত্র সরিয়ে ফেলেছেন। আওয়ামী লীগের সময় হাসিনার অনুকম্পায় যে ব্যবসায়ী-শিল্পপতিরা বিপুল অর্থ সম্পদের মালিক হয়েছেন এনবিআর তাদের অনেকের ব্যাংক হিসাব জব্দ করেছে, অনেকের বিরুদ্ধে দুদক তদন্ত করছে। অন্যদিকে ‘মুজিববাদ’ বিশ্বাস করেন না এমন রাজনৈতিক দল ও মিডিয়ার কণ্ঠ নানা আইনকানুন করে চেপে ধরা হয়। পতিত হাসিনা ও তার পিতা শেখ মুজিবুর রহমানের তল্পিবাহক না হওয়ায় আমার দেশ, দৈনিক দিনকাল, দিগন্ত টিভি, চ্যানেল ওয়ান, ইসলামী টিভিসহ কয়েকটি গণমাধ্যম বন্ধ করে দিয়েছে। ওই সব গণমাধ্যমে কর্মরত হাজার হাজার সাংবাদিক, কর্মকর্তা- কর্মচারী বছরের পর বছর ধরে মানবেতর জীবনযাপন করেছেন। এদের পক্ষে আওয়ামী লীগের কোনো আইনজীবী আদালতে দাঁড়াননি। অথচ হাসিনা পতনের পর বিএনপিপন্থি আইনজীবীদের কেউ কেউ পেশাদারিত্বের অজুহাত তুলে আওয়ামী লীগের লুটেরাদের পক্ষে আইনি লড়াইয়ে অবতীর্ণ হতে মরিয়া হয়ে উঠেছেন। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড গঠন করে গেছেন বিগত সরকারের শিক্ষামন্ত্রী ইস্কন অনুসারী মহিবুল হাসান চৌধুরী। ড. মুহম্মদ ইউনূসের সরকার ক্ষমতায় আসায় সে বোর্ড ভেঙে দেয়া হয়েছে। অথচ ইস্কনের মহিবুলের করা পুরনো কমিটির পক্ষে নিয়ে আইনি লড়াইয়ে নামছেন বিএনপির এক নেতা ও সিনিয়র আইনজীবী। এটা কি বর্তমান প্রেক্ষপটে যায়! ২০০৭ সালের ৮ মার্চ তারেক রহমানের বিরুদ্ধে প্রথম এক কোটি টাকা চাঁদাবাজির অভিযোগ তুলে মামলা করেছিল আমিন আহমেদ ভূঁইয়া নামের এক ঠিকাদার। উদয় টাওয়ার ও বেস্ট হোল্ডিংয়ের মালিক সেই ঠিকাদার অর্থপাচার মামলায় বর্তমানে কারাগারে। প্রচুর বিত্তবৈভবের অধিকারী ওই ব্যক্তিকে কারাগার থেকে মুক্ত করতে বিএনপির আইনজীবী নেতাদের মধ্যে নাকি প্রতিযোগিতা শুরু হয়েছে। হাসিনার শাসনামলে অবৈধভাবে শত কোটি টাকার মালিক হওয়া ওই ঠিকাদার রাজনৈতিক পটপরিবর্তনের সুযোগ নিয়ে কারাগার থেকে কোটি টাকা খরচ করেই বের হতে চান বিএনপির আইনজীবীদের ব্যবহার করে। হাসিনা পালানোর পর এখন বিএনপিপন্থি আইনজীবীরা মামলা হাতে নিলে জামিন নিশ্চিত মনে করে করছেন আওয়ামী লীগ অনুসারীরা।

পতিত হাসিনার শাসনামলে সময় টিভি, একাত্তর টেলিভিশনের ভূমিকা কি ছিল? সরকারের তল্পিবাহক হিসেবে গণমাধ্যমের নামে এই টিভিসহ আরো কিছু গণমাধ্যম বিএনপির বিরুদ্ধে বিষোদগার করেছে। তারা সরকারের মুখপত্র হিসেবে দায়িত্ব পালন করেছে। বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া, তারেক রহমান, বিএনপি, জামায়াতসহ প্রতিপক্ষ দলগুলোর নেতাদের সম্পর্কে মিথ্যা তথ্য প্রচার করে হাসিনাকে খুশি করেছে। ফলে দর্শকদের অনেকেই ওই দলবাজ মিডিয়াগুলো বর্জন করেছেন। অনেকেই ওই সব গণমাধ্যমের ওপর বিক্ষুব্ধ। কেউ কেউ ওই বিতর্কিত গণমাধ্যমকে বন্ধের দাবি জানাচ্ছেন। অথচ ওই সব গণমাধ্যমকে রক্ষা করতে বিএনপির অনেক নেতাই চেষ্টা-তদবির চালাচ্ছেন। আবার ব্যবসায়ীদের মহাসম্মেলন করে যে ব্যবসায়ীরা শেখ হাসিনাকে আবার প্রধানমন্ত্রী করার জন্য অঙ্গীকার করেন; এমনকি পৃথিবীতে তো বটেই মারা যাওয়ার পরও শেখ হাসিনার পাশে থাকার অঙ্গীকার করেন এবং ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের বিতর্কিত নির্বাচনের সময় নৌকার প্রার্থীদের অর্থ দিয়ে সমর্থন করেছেন; হাসিনা পালানোর পর তারা বিপদে পড়েছেন। সিন্ডিকেট করে পণ্যের দাম বাড়িয়ে শত শত কোটি টাকা আয়- রোজগার করায় পণ্যমূল্যের যাঁতাকলে পিষ্ট জনগণ এখন তাদের ওপর বিক্ষুব্ধ। অথচ বিএনপির নেতারাই তাদের ব্যবসা ধরে রাখতে নানাভাবে চেষ্টা-তদবির করছেন বলে জানা গেছে। আর ওই ব্যবসায়ীরা বিগত ১৫ বছর শত শত কোটি টাকা বৈধ-অবৈধ পথে রোজগার করেছেন; এখন হাসিনার মতো বিদেশ পালাতে ব্যর্থ হয়ে বিএনপি নেতাদের দুই-চার কোটি টাকা দিয়ে ব্যবসা টিকিয়ে রাখার কৌশল নিয়েছেন। বিএনপির কিছু সুবিধাবাদী নেতা দলের নেতাকর্মীদের বিরুদ্ধে হাজার হাজার মিথ্যা মামলা, জেল-জুলুমের কথা বেমালুম ভুলে গিয়ে নিজেদের আখের গোছানোর লক্ষ্যে ওই বিতর্কিত ব্যবসায়ীদের ব্যবসা বাণিজ্যের দায়িত্ব নেয়ার চেষ্টা করছেন।

শিক্ষার্থীদের আন্দোলনে ছাত্র-জনতার রক্ত দিয়ে গণঅভ্যুত্থান ঘটিয়েছে। ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার পুরনো জঞ্জাল সাফ করছে। প্রশাসনের সব সেক্টরে আওয়ামীকরণে কর্মকর্তা-কর্মচারীরা বাকশালের মুখোশ খুলে ফেললেও এখনো আওয়ামী লীগের রয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীকে আওয়ামী দানবে পরিণত করায় পুলিশ-র‌্যাব-বিজিবি-আনসারে বহু সদস্য এখনো কাজে যোগ দেয়নি। এ অবস্থায় ভারতে থাকা শেখ হাসিনা ষড়যন্ত্র করে সংখ্যালঘু নির্যাতন, জুডিশিয়াল ক্যু, ১৫ আগস্ট ঢাকা দখল এবং ২১ আগস্ট অঘটন ঘটানোর চেষ্টা করে ব্যর্থ হয়েছে। তারপরও ভারত ও হাসিনার ষড়যন্ত্র বন্ধ হয়নি। বাংলাদেশকে পানিতে ভাসিয়ে দিয়ে হঠাৎ করে বাঁধ খুলে দিয়েছে। এ অবস্থায় পতিত হাসিনার দোসরদের আইন অধিকার পাওয়ার নামে বিএনপির আইনজীবীদের চেষ্টা ১৫ বছরের ভুক্তভোগীরা ভালোভাবে নিচ্ছে না। যারা হত্যা-খুন-রাষ্ট্রীয় সম্পদ লুটপাট করেছে, প্রতিপক্ষ রাজনৈতিক দলের শত শত নেতাকর্মীকে খুন, গুম, জুলুম-নির্যাতনে সহায়তা করেছে তাদের হয়ে বিএনপির আইনজীবীদের আইনি লড়াই করা কতটুকু যুক্তিযুক্ত তা নিয়ে প্রশ্ন উঠেছে। অবশ্য গ্রেফতারকৃত আওয়ামী লীগের লুটেরাদের রিমান্ডে নিতে নিম্ন আদালতে উঠানোর পর আইনজীবীরা অভিযুক্তদের পক্ষে দাঁড়াতে রাজি হননি। এমনকি গ্রেফতার হওয়া সাবেক মন্ত্রী-এমপিদের আদালতে নিয়ে গেলে আইনজীবীরা বিক্ষোভ করেন। সরকার পরিচালনায় আইনের মধ্যেই ‘ডকট্রিন অব নেসেসিটি’ (বিশেষ পরিস্থিতির নীতি) বলে একটি শব্দ রয়েছে। এই ‘বিশেষ পরিস্থিতিতে’ দেশের সবকিছু স্বাভাবিক করতে নতুন সরকার বিগত সরকারের দুর্নীতিবাজ, লুটেরা, গণতন্ত্র হত্যাকারী, রাষ্ট্রের সম্পদ লুটপাটকারীদের গ্রেফতার করছে। ছাত্র-জনতার অভ্যুত্থানে সরকার উৎখাতের পর রাজনীতি ও প্রশাসনের নানা ক্ষেত্রে সংস্কার *(বাকি অংশ বাঁ পাশে)*

## বিএনপিপন্থী কিছু আইনজীবীর

*(ডান পাশের অংশ থেকে)* চলছে। স্বাধীন বাংলাদেশের অর্ধশতকের আবর্জনা যে রাতারাতি সাফ-ছুতরো করা সম্ভব নয়। এ পরিস্থিতিতে আইনি সহায়তার নামে হাসিনার দোসরদের বিএনপির নেতা আইনজীবীদের সহায়তা হবে রাজনৈতিক আত্মহত্যার নামান্তর। কারণ ভারত ও দিল্লিতে পলাতক হাসিনার ষড়যন্ত্র থেমে নেই। তাছাড়া বিএনপির নেতাকর্মী এবং ছাত্র-জনতা পতিত সরকারের তাঁবেদারদের পক্ষে বিএনপির নেতাদের আইনি সহায়তা ভালোভাবে নেবে না।

হাইকোর্টের আইনজীবী সিরাজুল হক বাচ্চু মিয়া ও হাবিবুল ইসলাম ভূঁইয়ার কথা মনে আছে? প্রখ্যাত এই দুই আইনজীবীর একজন এরশাদের আইনজীবী এবং অপরজন আইনমন্ত্রীর দায়িত্ব পালন করেন। হাবিবুল ইসলাম ভূঁইয়ার হাইকোর্ট প্রাঙ্গণে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছিল। বাচ্চু মিয়া নিগৃহীত হন। ’৯০-এর গণঅভ্যুত্থানের পর আদালতে ক্ষমতাচ্যুত এরশাদের পক্ষে কেউ দাঁড়াতে রাজি হননি। অতঃপর মোটা টাকার লোভ সংবরণ করতে না পেরে এরশাদের পক্ষে আইনজীবী হিসেবে লড়াই করেন সিরাজুল হক বাচ্চু মিয়া। এই বাচ্চু মিয়া হচ্ছেন বর্তমানে পুলিশের রিমান্ডে থাকা সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের পিতা। টাকার লোভে এরশাদের পক্ষে আদালতে আইনি লড়াই করায় বাচ্চু মিয়া অন্যদের ঘৃণার পাত্র হয়েছিলেন। বাচ্চু মিয়া ২০০২ সালে মৃত্যুর আগ পর্যন্ত মানুষের ঘৃণার পাত্র হিসেবেই ছিলেন। টাকার লোভ সংবরণ করতে না পেরে পতিত হাসিনার দোসরদের পক্ষে আইনি লড়াইয়ে বিএনপির যেসব নেতা আইনজীবী নামার চেষ্টা করছেন তাদের সিরাজুল হক ও হাবিবুল ইসলাম ভূঁইয়ার ভাগ্য বরণ করতে হবে। মনে রাখতে হবে টাকাই সবকিছু নয়।

# ELECTION COMMISSION 2024

BANGLADESH SOCIETY INC.
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547
info@electioncommissionbds.com • www.bangladeshsocietyinc.com
A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

# নির্বাচনী ইশতেহার

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৫-২৬ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

## THE ELECTION SCHEDULE IS AS FOLLOWS:

| ACTIVITIES | DAY | DATE | TIME |
|---|---|---|---|
| Distribution of Nomination Form/Package | Sunday | Aug 25, 2024 | 5:00 pm to 9:00 pm |
| Submission of Nomination | Monday | Sep 02, 2024 | 5:00 pm to 9:00 pm |
| Scrutiny | Tuesday | Sep 03, 2024 | 4:00 pm to 8:00 pm |
| Primary List | Wednesday | Sep 04, 2024 | 5:00 pm to 7:00 pm |
| Appeal | Thursday | Sep 05, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Withdrawal of Nomination | Saturday | Sep 07, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Diclaration final list of the Candidates | Sunday | Sept 08, 2024 | 5:00 pm to 8:00 pm |
| Election | Sunday | Oct 27, 2024 | 9:00 am to 9:00 pm |

1. The Election for the Executive Committee of Bangladesh Society, Inc. will be held according to the rules and regulations set forth in the election by-laws and in the constitution of the society.
2. The Election Commission may terminate candidacy of the candidate(s) any time for violation of any rule/regulation set forth in the election by-laws and in the constitution.
3. The Election Commission will not be responsible legally or by any other means for any irregularities in the voter list, or any discrepancies in the constitution or its by-laws.
4. Members with any questions regarding the voter list should contact the Executive Committee of the Bangladesh Society, Inc.
5. Any discrepancies found in the voter list will have to be corrected by the Executive Committee of Bangladesh Society, Inc. on the basis of appropriate documentation. The executive committee must notify the Election Commission in writing about any correction by August 31, 2024; after that date no correction will be accepted by the Commission.
6. There are 19 posts for the Executive Committee of Bangladesh Society, Inc.

| POSTS | NUMBER OF POSTS |
|---|---|
| President | 1 |
| Senior Vice-President | 1 |
| Vice- President | 1 |
| General Secretary | 1 |
| Assistant General Secretary | 1 |

| POSTS | NUMBER OF POSTS |
|---|---|
| Treasurer | 1 |
| Organizing Secretary | 1 |
| Departmental Secretary | 6 |
| Executive Member | 6 |
| | |

7. **Nomination form must bear the original signature of the Election Commission** (Photo copies not acceptable). **Each nomination form must be submitted with the designated fee (non-refundable) and the candidates photo ID.** The following forms of identification will be accepted. Photocopy of drivers license, State ID, Green Card, Work Authorization Card or Passport. If the nomination form is submitted by an agent, the agent must submit an affidavit on proof of authenticity of the documents along a notarized copy of the document.
8. Each candidate must notary the affidavit section of the nomination form. Without notary, nomination form will stand void.
9. **Any incomplete form will stand as void and there will be no refund of fee for any void form.**
10. Non-refundable nomination fee payable to Election Commission BS must be paid by postal money order (preferable) or cash (in case of any emergency) only.
11. Mailing, notifications, declarations, dissemination & add in different media will be executed by the Commission.
12. **ELIGIBILITY by-laws of the Constitution.**
    a) To be eligible for election as an office bearer of the Executive Committee (EC), the candidate shall be a member in good standing for **two consecutive calendar years and at least 22 years of age.**
    b) To be eligible for election as President and General Secretary of the EC, the candidate shall be a member in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year. Notarized proof for membership in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year from any two current Officials, president, General Secretary or Treasurer of the Society must be submitted with the nomination papers.
    c) **President and General Secretary** shall be limited to **two consecutive terms** only.
    d) **President, General Secretary** and **Treasurer** shall not hold **same position** in any other organization for the period they shall serve in the Executive Committee of the Society. Notarized affidavit must be submitted with the nomination form.
    e) To be eligible to contest in the election for the post of **President, General Secretary** and **Treasurer**, the member shall be at least **legal resident** (Green Card Holder) of the United States of America. **Original document of residency status** and a **copy** must be produced to the Commission if nomination is submitted in person but if submitted by an agent, the agent must submit **affidavit** on proof of authenticity of the document and a notarized copy of this document with the nomination papers.
    f) To be eligible for election as an office bearer of the EC, the candidate must not have any criminal judgement, under the Criminal Court within last 7 years.
13. The Election commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

Interested candidates are advised to obtain the package containing election materials by paying $500.00 (non refundable) fee in cash from the office of the Election Commission on the schedule date and time.

**নির্বাচনের তারিখ: ২৭শে অক্টোবর, ২০২৪ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা) স্থান: পরে জানানো হবে**

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

## Election Commission 2024 / নির্বাচন কমিশন ২০২৪

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| S.M. Jamal U. Ahamed (Jony) | Mohammed A. Hakim Miah | Mohammed Anwar Hussain | Mohammed A. Mannan | Mohammed Helal Uddin | Mehboobur Rahman (Badal) | Ahbab Chowdhury |
| *Chief Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* | *Election Commissioner* |
| *718-288-3838* | *347-332-3653* | *347-429-5932* | *646-752-5385* | *917-660-4668* | *347-993-6461* | *917-969-1991* |

# নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশী নিখোঁজ

*(প্রথম পাতার পর)* বসবাসকারী নজরুল ইসলাম নামে এক বাংলাদেশী নিখোঁজ হয়েছেন। তার বয়স ৪৩ বছর। গত ১৯ আগষ্ট সোমবার থেকে তার কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। নিখোঁজের সময় তাকে সাদা এবং কালো বোতাম ডাউন শার্ট, নীল রংএর জিন্স এবং কালো জুতা পরা দেখা গেছে। তার সন্ধান পেলে ১০৩ পিসিনক্টে জানানো অথবা ৭১৮-৬৫৭-৮২২০ অথবা ৭১৮-৯৬৯-৫০০৫ ফোন নাম্বারে যোগাযোগ করতে বলা হয়েছে।

নজরুল ইসলামের ছেলে আকাশ আহমদ জানান, সোমবার সর্বশেষ বাবার সাথে কথা হয়। এরপর থেকে তাঁর মোবাইল ফোন বন্ধ। সোমবার রাতে বাসায় ফিরে না আসায় পুলিশকে জানানো হয়েছে। এখনো কোন সন্ধান পাওয়া যায়নি। তিনি মোবাইল কোম্পানির সিম রেজিস্ট্রেশন ও বিক্রয়ের কাজ করতেন। আমরা খুবই দু:শ্চিন্তায় রয়েছি।

# প্রত্যাহার হচ্ছে জামায়াত নিষিদ্ধের আদেশ

*(প্রথম পাতার পর)* বিষয়টি ফয়সালার জন্য জামায়াত এরইমধ্যে শিশির মনিরকে আইনজীবী নিয়োগ দিয়েছে। যোগাযোগ করা হলে সুপ্রিম কোর্টের এই আইনজীবী মানবজমিনকে বলেন, জামায়াত নিষিদ্ধের নির্বাহী আদেশটি ন্যায্যতার ভিত্তিতে দেয়া হয়নি। আমরা আশা করি খুব দ্রুতই ওই আদেশ প্রত্যাহার করে নেয়া হবে।

সম্প্রতি এই প্রতিবেদকের সঙ্গে আলাপকালে জামায়াতের আমীর ডা. শফিকুর রহমানও আশা প্রকাশ করেন দ্রুত জামায়াত-শিবির নিষিদ্ধের আদেশ প্রত্যাহার করা হবে। তিনি বলেন, কোটা বিরোধী আন্দোলন থেকে জনগণের দৃষ্টি ফেরাতেই জামায়াতকে নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু বাংলাদেশের জনগণ তা প্রত্যাখ্যান করেছে। জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারও এক সংবাদ সম্মেলনে দলটি নিষিদ্ধের আদেশ প্রত্যাহারের আহ্বান জানিয়েছেন।

শিক্ষার্থী-জনতার আন্দোলনের চূড়ান্ত পর্যায়ে গত পহেলা আগস্ট জামায়াত ও ছাত্রশিবিরকে নিষিদ্ধ ঘোষণা করে সরকার। সন্ত্রাসবিরোধী আইনের ১৮ (১) ধারায় জামায়াত, ছাত্রশিবিরসহ তাদের অন্যান্য অঙ্গসংগঠনকে নিষিদ্ধ করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে। সে সময় জামায়াত তীব্র কোনো প্রতিক্রিয়া দেখায়নি। পরে ৫ই আগস্ট গণঅভ্যুত্থানের মুখে শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে চলে যান।

# ফোবানা'র সম্মেলন শুরু ৩০ আগস্ট



*(শেষ পাতার পর)* গণতন্ত্র, ভোটের অধীকার, বাঁক স্বাধীনতা পুনরুদ্ধার এবং ভারতীয় আধিপত্যবাদ থেকে মুক্তির জন্য বাংলাদেশে ছাত্র-জনতা যে তাজা রক্ত ঢেলে দিয়েছে, সেই বীর যোদ্ধাদের প্রতি উৎসর্গ করা হবে এবারের সম্মেলন। অতুলনীয় এই আন্দোলনে শহীদ এবং আহতদের পরিবারের জন্য অনুদান প্রদান করা হবে। এবারের বাংলাদেশ ফোবানা সম্মেলনের কনভেনর হচ্ছেন বিশিষ্ট ব্যবসায়ী, সমাজ সেবক আসিফ বারী টুটুল এবং মেম্বার সেক্রেটারি মূলধারার রাজনীতিবিদ, বিশিষ্ট ব্যবসায়ী ফাহাদ সুলাইমান। হোস্ট কমিটি হচ্ছে আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এবিসিসিআই)। সম্মেলন কমিটির চেয়ারম্যান স্যার ডঃ আবু জাফর মাহমুদ, কো চেয়ারম্যান, ডাঃ শাহজাদী পারভিন, কো চেয়ারমযান সৈয়দ এনায়েত আলী, কো চেয়ারম্যান তারেক হাসান খান, কো চেয়ারম্যান ওমেন ইমপাউয়ারম্যানট মুনমুন হাসিনা বারী, কো চেয়ারম্যান কালচারাল মনিরুল ইসলাম মনির, কো চেয়ারম্যান দুলাল বেহেদু, জয়েন্ট কনভেইনর কাজী ওয়াহেদ এলিন, জয়েন্ট মেম্বার সেক্রেটারী মাকসুদ চৌধুরী, জয়েন্ট কনভেনর আহসান হাবিব, কো চেয়ারম্যান রেজিস্ট্রেশন সৈয়দ আকিকুল ইসলাম ফারুক, কো চেয়ারম্যান অর্থ কমিটি সারোয়ার বাবু, মফিজুল ইসলাম মফিজ, শাহিনুর রহমান বিপ্লব, নুর আমিন, মোশারফ হোসেইন সবুজ, ফরহাদ খন্দকার, কিউ জামান, কাজী তোফায়েল রহমান, মফিজুল ইসলাম রুমি, আবুল কাশেম, সাইফুর খান হারুন, জাহাংগীর জয়, শাহাদাত হোসেইন রাজু, এজিএম জাহাংগীর হোসাইন, বেলাল চৌধুরী, ডাঃ বরনালী হাসান, শাহ জে চৌধুরী, ইনজিনিয়ার মুহাম্মদ রহমান সায়েম, রিয়াজ মাহমুদ, মাসুদ রানা, জাকারিয়া রুমি, মাজহারুল ইসলাম জনি এবং সার্বিক ব্যবস্হাপনা হিসেবে কাজ করে যাচ্ছেন আলমগীর খান আলম। প্রধান উপদেষ্টা হিসেবে রয়েছেন ডাঃ খন্দকার মাসুদুর রহমান এবং প্রধান সমন্বয়ক হিসেবে নেপথ্য থেকে কাজ করে যাচ্ছেন আবদুল লতিফ সম্রাট।

# ফারাক্কা বাঁধের ১০৯টি গেট খুলে দিলো ভারত

*(প্রথম পাতার পর)* ফারাক্কা বাঁধ প্রকল্প থেকে পানি ছাড়ার কারণে যেমন বাংলাদেশ প্লাবিত হচ্ছে ঠিক তেমনই সামশেরগঞ্জসহ বিভিন্ন এলাকায় ভাঙন চলছে। গঙ্গার পানির স্তর বৃদ্ধি হতেই ১১ লাখ কিউসেক পানি ছাড়া হয়েছে।

ফারাক্কা বাঁধ প্রকল্প সূত্রের খবর, বিহার ও ঝাড়খণ্ডে বিপুল পরিমাণ বৃষ্টি হতেই ফারাক্কা বাঁধ প্রকল্পের পানির স্তর বাড়ায় সব গেট খুলে দেওয়া হয়েছে। যে পরিমাণ পানি আসছে সেই পরিমাণ পানি ছাড়া হয়েছে। ইতোমধ্যেই ৭৭.৩৪ ডেঞ্জার লেভেল অতিক্রম করেছে। তবে ফারাক্কা ব্যারেজ থেকে পানি ছাড়ার কারণেই বাংলাদেশ প্লাবিত হচ্ছে বলে দাবি করা হয়েছে বাংলাদেশের পক্ষ থেকে। গঙ্গা থেকে পানি ঢুকছে বিভিন্ন গ্রাম ও মাঠে। প্লাবনের আশঙ্কা করছেন মুর্শিদাবাদের মানুষ।

বিহার, ঝাড়খণ্ডসহ গঙ্গার উচ্চ অববাহিকায় ব্যাপক বৃষ্টি হয়েছে। যার ফলে হু হু করে বাড়ছে গঙ্গার পানির স্তর। ফারাক্কা ব্যারেজের আপ স্টিমে জল ধারণ ক্ষমতা ২৬.২৪ মিটার। বিপদসীমা ২২.২৫ মিটার এবং সর্তকতা সীমা ২১.২৫ মিটার। ইতোমধ্যে আপ স্টিমের ধারণ ক্ষমতা অতিক্রম করায় শনিবার থেকে খুলে দেওয়া হয়েছে অধিকাংশ গেট। ইতোমধ্যেই ১১ লাখ কিউসেকের বেশি পানি ছাড়া হচ্ছে ব্যারেজ থেকে। প্রচুর পানি বইছে বাংলাদেশের দিকে। বাংলাদেশ আগেই প্লাবিত হলেও পদ্মায় পানি বাড়ায় প্লাবন আরও বাড়ছে।

অন্যদিকে, ডাউন স্ট্রিমে নিমতিতায় সর্তক সীমা ২০.৫৮ মিটার, বিপদসীমা ২১.৯০ মিটার। নিমতিতায় পানি বইছে বিপদসীমার ওপর দিয়ে ১১.৫১ মিটার উচ্চতায়। নুরপুরে বিপদসীমা ২১.০৩ মিটার, পানি বইছে ২১.৬৪ মিটার দিয়ে। সতর্কতা সীমা ২০.৭৩ মিটার। গিরিয়ায় বিপদসীমা ২০.৯৪ মিটার, ২১.৫৫ মিটার উচ্চতায় পানি বইছে। সতর্কতা সীমা ২০.৩৯ মিটার। জঙ্গিপুরে গঙ্গার বিপদসীমা ২০.২৯ মিটার, পানি বইছে ২০.৮৭ মিটার উচ্চতা দিয়ে। সতর্কতা সীমা ১৭.৮০ মিটার। একইভাবে লালবাগ, বহরমপুর, বেলডাঙা, শক্তিপুরে ভাগীরথীর পানি বিপদসীমার ওপর দিয়েই বইছে।

# 'বাংলা পোস্ট'র উদ্বোধন করলেন মেয়র এরিক অ্যাডামস

*(১৬ এর পাতার পর)* পোস্ট পত্রিকাকে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সাংবদিকদের মধ্যে সাপ্তাহিক ঠিকানা'র চেয়ারম্যান ও ভারপ্রাপ্ত সম্পাদক এম এম শাহীন, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, সাপ্তাহিক নিউইয়র্ক সময় সম্পাদক জাকারিয়া মাসুদ জিকু, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, খবর সম্পাদক ফরিদ আলম, ইউএসএনিউজ২৪.কম সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, সাংবাদিক শাশীম আর মামুন, ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী ও তুষার উপস্থিত ছিলেন।

এছাড়াও বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, জেবিবিএ'র একাংশের সভাপতি গিয়াস আহমেদ, জবিএ'র একাংশের সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান, এটর্নী মঈন চৌধুরী, বিশিষ্ট রাজনীতিক জিল্লুর রহমান জিল্লু, প্রবীণ প্রবাসী নাসির আলী খান পল, খলিল গ্রুপের কর্ণধার শেফ খলিলুর রহমান, এডভোকেট এম মজুমদার, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল আলম দেলোয়ার, সাধারণ স্পাদক জে মোল্লা সানী, শাহ গ্রুপের কর্ণধার শাহ জে চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী বেলাল আহমেদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট প্রিন্স রায়হান, মশিউর রহমান, নূর ইসলাম বর্ষণ, মিনহাজ আহমেদ সাম্মু এবিএম মিজানুল হাসান, আতোয়ারুল আলম, রুহুল আমিন সরকার, রকি এলিয়েন, আজিজুল হক, আলমগীর খান আলম, আহসান হাবীব, সঙ্গীত শিল্পী ও আজকাল-এর ব্যবস্থাপনা সম্পাদক রানু নেওয়াজ, আশরাফ তালুকদার, শাহাদৎ হোসেন চৌধুরী প্রমুখ।

পরবর্তীতে সিটি মেয়র এরিক অ্যাডামসের উপস্থিতিতে বারী পরিবার, বারী গ্রপ ও বারী মিডিয়ার পরিচিতি ও বৃত্তান্ত তুলে ধরা হয়। সেই সাথে 'বাংলা পোস্ট' পত্রিকা'র লক্ষ্য, উদ্দেশ্য ও কাজের ক্ষেত্র সংক্ষেপে তুলে ধরা হয়। কমিউনিটির সেবাই হবে বাংলা পোস্ট-এ প্রধান লক্ষ্য বলে অনুষ্ঠানে জানানো হয়। বলা হয়, বাংলা পোস্ট' পত্রিকা কমিউনিটি সেবার পাশাপাশি সারা বিশ্বের বাংলা ভাষাভাষীদের মনের ভাব প্রকাশে বদ্ধপরিকর থাকবে। প্রিন্ট ভার্সনের পাশাপাশি অনলাইনেও পত্রিকাটি পাঠ করা যাবে এবং পত্রিকাটি পাঠকের জন্যে ফ্রি থাকবে। পত্রিকাটির সম্পাদক হিসেবে দায়িত্ব নিয়েছেন বাংলাদেশী-আমেরিকান নারী মুনমুন হাছিনা বারী এবং উপদেষ্টা সম্পাদক হিসেবে প্রবাসসের প্রবীণ সাংবাদিক কাজী শামসুল হক-কে মনোনীত করা হয়েছে। এছাড়াও পত্রিকাটির 'ডিজিটাল সম্পাদক' হিসেবে দায়িত্বে থাকবেন সায়েম শুভ, সাহিত্য সম্পাদক সাকিল সৈকত, বার্তা সম্পাদক আহমেদ জাবের চৌধুরী এবং ঢাকা ব্যুরো প্রধান হিসেবে থাকছেন কাজী রাহাত শামস।

নিউইয়র্কে বারী গ্রুপ সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখে বারী মিডিয়ার উদ্যোগে কমিউনিউটি সেবার লক্ষ্যে 'বাংলা পোস্ট' পত্রিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করে। উদ্যোগটি কমিউনিটির সকলে আনন্দের সাথে গ্রহণ করে।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সিটি মেয়র এরিক অ্যাডামস 'বাংলা পোস্ট' পত্রিকার শুভ উদ্বোধন ঘোষণা করেন। এসময় মেয়র তার বক্তব্যে নিউইয়র্ক সিটির বিভিন্ন কর্মকান্ডে বাংলাদেশী কমিউনিটির অংশগ্রহন ও ভূমিকার কথা তুলে ধরেন এবং বাংলা পোস্ট-এর সাফল্য কামনা করেন। অনুষ্ঠান উপস্থপনায় ছিলেন ফাতেমা শাহাব রুমা।

উল্লেখ্য, বাংলা পোষ্ট নিয়ে মেয়র এরিক অ্যাডামস চরতি বছর নিউইয়র্কের তিনটি বাংলা সাপ্তাহিক উদ্বোধন করেন।

সফলতার ২৮ বছরে বাংলা পত্রিকা

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন

এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে

www.banglapatrikausa.com

banglapatrikausa@gmail.com



# সিলেট এমসি অ্যান্ড গভ: কলেজ এলামনাই এসোসিয়েশনের অভিষেক ও পুনর্মিলনী







নিউইয়র্ক:
নিউইয়র্কে সিলেট এমসি অ্যান্ড গভর্মেন্ট কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ'র নতুন কমিটির বর্ণিল অভিষেক ও পুনর্মিলনী গত ১৮ আগস্ট অনুষ্ঠিত হয়েছে। কুইন্সের গুলশান ট্যারেসে জাকজমকপূর্ণ পরিবেশে এ অভিষেকে কলেজের প্রাক্তন ছাত্র-ছাত্রী, তাদের পরিবারবর্গ এবং আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানজুড়ে নাচ-গানসহ প্রাণবন্ত আড্ডায় মেতে ওঠেন তারা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়শনের সভাপতি সফিক উদ্দিন চৌধুরী। প্রথম পর্বটি সঞ্চালনা করেন আয়োজক কমিটির সদস্য সচিব দেওয়ান শাহেদ চৌধুরী। শুরুতে বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায়ক মোঃ শাহনওয়াজ চৌধুরী। দ্বিতীয় পর্বে সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ রেজাউল করিম রেজুর সঙ্গে সঞ্চালনায় ছিলেন উপস্থাপিকা অনিমা দত্ত কর।

অভিষিক্তরা হলেন: সভাপতি- সফিক উদ্দীন চৌধুরী, সহ সভাপতি- আজিমুর রহমান, দেওয়ান শাহেদ চৌধুরী ও সাখাওয়াত আলী, সাধারণ সম্পাদক- মোহাম্মদ রেজাউল করিম রেজু, যুগ্ম সাধারণ সম্পাদক- মামুনুর রশীদ শিপু ও ইফজাল আহমেদ, কোষাধ্যক্ষ- আকমল খান, প্রচার সম্পাদক- আমিনুল হক চুন্নু, সাংস্কৃতিক সম্পাদক- খায়রুল ইসলাম, কার্যকরী সদস্য যথাক্রমে কাজী ওদুদ আহমেদ, মাহফুজুল বারী চৌধুরী, জুলকার নাইন হায়দার, মোঃ সামাদ মিয়া, অধ্যাপক সৈয়দ নজরুল ইসলাম, দিদার শাহীন, এবং মোঃ গোলাম কিবরীয়া চৌধুরী।

ট্রাস্টি বোর্ড সদস্যরা হলেন: বেলাল উদ্দিন, আবুল কালাম, আজাদ উদ্দিন, আলতাফ হোসেন চৌধুরী ইসবা এবং সংগঠনের প্রতিষ্ঠাতা বীর মুক্তিযোদ্ধা আব্দুল মুকিত চৌধুরী, সুফিয়ান খান, ইয়ামিন রশীদ ও নিজাম উদ্দিন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংগঠনের প্রথম ট্রাস্টি বোর্ড সদস্য থেকে শুরু করে ২০২৩ সাল পর্যন্ত সদস্যরা এবং প্রথম নির্বাচন কমিশন থেকে ২০২৩ সাল পর্যন্ত কমিশনের সদস্যরা। তাদের মঞ্চে নিয়ে পরিচয় করিয়ে দেয়া হয় এবং সবাইকে গোলাপের স্টিক দিয়ে বরণ করা হয়। অনেকে তাঁদের স্মৃতিচারণ এবং অভিজ্ঞতা শেয়ার করেন এবং সংগঠনের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন। নতুন সদস্যদের প্রতি দিকনির্দেশনা ও শুভকামনা জানান।

অনুষ্ঠানে 'স্মৃতিতে-শ্রুতিতে' নামে চমৎকার চার রঙ্গা একটি স্মারক সংকলনের মোড়ক উন্মোচন করা হয়। সাংস্কৃতিক পর্বে ছিল প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মনোজ্ঞ পরিবেশনা। প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, মিঠুন, সুতিপা সহ শিল্পীদের গানে মাতোয়ারা ছিলেন দর্শক-শ্রোতারা। অনুষ্ঠানটি সন্ধ্যা ৬টা থেকে মধ্যরাত পর্যন্ত চলে। যেখানে উপস্থিত সবাই নাচ, গান, এবং আড্ডায় মেতে ওঠেন।

সবশেষে অনুষ্ঠিত হয় আকর্ষণীয় রাফেল ড্র। রাফেল ড্র-এর বিজয়ীরা অত্যন্ত আনন্দিত হন। অনেকেই বলেন, নিউইয়র্কে এমন পুরস্কার এবং অনুষ্ঠান এর আগে খুব একটা দেখেননি তারা।

অনুষ্ঠানে সাধারণ সম্পাদক মোহাম্মদ রেজাউল করিম রেজু বলেন, "গুলি, বোমা, টিয়ার শেল, বোমার চেয়েও শক্তিশালী হোক ঐক্য, ঐক্যের পথে হাঁটুক আমাদের এই সংগঠন।" সবমিলিয়ে ১৩৩ বছরের ঐতিহ্যবাহী সিলেট এমসি গভঃ কলেজের সাবেক ছাত্র-ছাত্রীদের মিলন মেলায় সবাই যেন আবার নতুন করে প্রাণের বন্ধনে বাঁধা পড়েন। প্রাক্তন ছাত্র-ছাত্রীরা বলেন, পুরো অনুষ্ঠানটি সবার মনে আনন্দের একটি স্থায়ী স্মৃতি হয়ে থাকবে।

সভাপতি সফিক উদ্দিন চৌধুরী সমাপনি বক্তব্যে অনুষ্ঠানে যারা বিভিন্ন স্থান থেকে এসে অনুষ্ঠানকে সফল করেছেন, তাঁদের সবাইকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছেন। সংগঠনকে আরও এগিয়ে নেয়ার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।




দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়




NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

*(শেষ পাতার পর)* পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর  সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।
নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

## এক স্লিপ

*(শেষ পাতার পর)* আওয়ামী লীগ সমর্থক কর্মকর্তাদের নানা ষড়যন্ত্র, প্রপাকান্ড, মিথ্যাচার, পক্ষপাতিত্ব প্রভৃতি নানা কথা বলে দেশকে অস্থিতিশীল করার পায়তারা চলছে। অপরদিকে দেশ-প্রেমিক ছাত্র-জনতার সহযোগিতায় ইউনূস সরকার একে এক সকল ষড়যন্ত্র মোকাবেলা করে দেশকে এগিয়ে নিয়ে চলেছেন। এরই মধ্যে ভারতের উজান থেকে আসা পানিতে দেশে ১০/১২টি জেলা পানিতে তলিয়ে গেছে। সব মিলিয়ে নানা সংগ্রামের মধ্য দিয়ে এগিয়ে চলছে বাংলাদেশ। দেশের এসব বিষয় নিয়ে নিউইয়র্কেন সচেতন প্রবাসীরা হোটেল-রেস্তরায় চায়ের আড্ডায় ঘুরে-ফিরে দেশপ্রেমের কথাই তুলে ধরছেন। বলছেন- ‘ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়’ এটাই গোক এখন সবার মূলমন্ত্র। ২৫ আগষ্ট, ২০২৪
















# ইমিগ্রেশন ও আপনি


এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**সেপ্টেম্বর ২০২৪ ভিসা বুলেটিন:**

ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) সেপ্টেম্বর ২০১৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে পারিবারিক ভিত্তিতে ২০২৪-এর ভিসা বুলেটিন এর প্রাপ্যতা উল্লেখ করা হলো:

উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট হচ্ছে সেই ডেট যখন ইউএসসিআইএস/ডিওএস তাদের চুড়ান্ত সিদ্ধান্ত জানাবে। তারপর আপনার প্রায়োরিটি তারিখ হবে তার পূর্বে। সেপ্টেম্বর ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি দেখা যাচ্ছে না।

**ফ্যামিলি স্পন্সর অগ্রাধিকার**

প্রথম: (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্ট এর স্পাউস (স্বামী বা স্ত্রী) এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ, (এফ ২ এ) পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী বা স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।

বি (এফ ২বি) পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্রকন্যা ২১ নিম্ন বা তদুর্দ্ধ বয়সী। মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: এপ্রিল ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।

এ বিষয়ে বিস্তারিত জানতে ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

**প্যারোল ইন প্লেস কর্মসূচি**

আমরা গত মাসে জানিয়েছিলাম যে জুন ১৭, ২০২৪ এ ইউএস হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) ঘোষণা করেছিল যে, একটি প্রস্তাবিত কর্মসূচি আনডকুমেন্টেড ইউএস সিটিজেনদের নন সিটিজেন স্পাউসকে (স্বামী/স্ত্রী) বৈধ স্থায়ী নাগরিক দিতে কিছু বাধ্যবাধকতা প্রত্যাহার করে নেয়া হয়েছে। ইউএসসিআইএস এই কর্মসূচির অধীনে ইউএস সিটিজেনদের নন সিটিজেন স্পাউসকে (স্বামী অথবা স্ত্রী) প্যারোল-ইন-প্লেস এর অধীনে তুলে ধরবে। যার মাধ্যমে ইউএস থেকে প্রথমবার বহিষ্কৃত হয়েছিলেন তারাও আবেদন করতে পারবে।

**প্যারোল ইন প্লেস কি?**

ইমিগ্রেশন এন্ড ন্যাশনালিটি অ্যাক্ট (আইএনএ) বিশেষ পরিস্থিতিতে কাকে প্যারোল মঞ্জুর করা যায় সে ক্ষমতা দিয়েছে হোম ল্যান্ড সিকিউরিটি সেক্রেটারিকে। মৌলিক অর্থে প্যারল হচ্ছে একটি ইমিগ্রেশন বেনিফিট।

অতীতে বিভিন্ন প্রেসিডেন্ট এর প্রশাসনকালে বেনিফিট দেয়া হয়েছে। প্যারল ইন প্লেস অর্থাৎ প্যারল গ্রান্ট করা হয় যিনি সিটিজেনকে প্যারল মঞ্জুর করা যায় এমন সব বিদেশী সিটিজেন যারা ইউএস এর ভিতরে সশরীরে আছেন। এই কর্মসূচি হচ্ছে 'প্যারল ইন প্লেস' এবং যাদের ইউএসএ-তে সর্বশেষ প্রবেশ কোন ভ্যালিড ভিসা অথবা প্যারোল ডকুমেন্ট ছাড়াই, অর্থাৎ কোন ভ্যালিড ভিসা ছাড়াই ছিল সর্বশেষ প্রবেশ। একজন স্পাউস (স্বামী বা স্ত্রী) যাদের স্পাউস ইউএস সিটিজেন তারা গ্রিনকার্ড লাভের যোগ্য। তবে তারা কেউ এডজাস্টমেন্ট অব স্ট্যাটাস লাভের জন্য আবেদন করতে পারবেন না। বাইডেন প্রশাসনের যে প্রস্তাবনা যার ফলে স্পাউস (স্বামী বা স্ত্রী) যারা ১০ বছর এক নাগাড়ে ইউএসএ-তে সশরীরে উপস্থিত আছেন। তাদেরকে ১৭ জুলাই থেকে বিরতিহীনভাবে ইউএস এর ভেতরে থাকতে হবে।



প্যারোল ইন প্লেসের আবেদন ১৯ আগস্ট ২০২৪ থেকে গ্রহণ করা হচ্ছে। আপনি আবেদন করলে-

প্যারোল ইন প্লেস এর আবেদনের ফরম:

ইউএসএ কতিপয় ননসিটিজেন স্পাউস এবং সৎ ছেলে-মেয়েদের জন্য প্যারোল ইন আবেদনের জন্য নতুন ফর্ম-১৩১ প্রবর্তন করা হয়েছে। উল্লেখ্য যে, আগস্ট ১৯, ২০১৪ এর আগে এই ফরম পাওয়া যাবে না এবং এই তারিখের আগে পাওয়া যাবে না।

***কোথায় ফরম আই-১৩১ এফ ফাইল করা যাবে?***

শুধুমাত্র অনলাইনে ফরম-১৩১ এফ ফাইল করার জন্য পাওয়া যাচ্ছে। কিশোর-কিশোরী সহ প্রত্যেক আবেদনকারী কে পৃথক পৃথকভাবে আই-১৩১ এফ ফরমে আবেদন করতে হবে। ইমিগ্রেশন সাদা কাগজের ফরম গ্রহণ করবে না।

ফিস: প্রত্যেক আবেদনের জন্য ফরমের সঙ্গে ৫৮০ ডলার দিতে হবে। বর্তমানে এই ফিস মওকুফের কোন ব্যবস্থা নেই।

এমপ্লয়মেন্ট অথরাইজেশন: কর্মসংস্থানের জন্য ফরম আই- ৭৬৫ আবেদন করতে হবে। উল্লেখ্য যে এই প্রক্রিয়ায় প্যারোল মঞ্জুর হওয়ার পরও ওয়ার্ক অথরাইজেশন এর জন্য ফাইল করা যাবে। তবে ফরম আই-৭৬৫ এবং ফরম আই ১৩১ এফ একসঙ্গে ফাইল করতে পারবেন না। আপনি যদি ফরম আই-৭৬৫ ফাইল করেন সেক্ষেত্রে আবেদন ফিস হবে ৫৩০ ডলার। অনলাইনে ৭৬৫ ফাইল করলে আবেদন ফিস হবে ৪৭০ ডলার। যারা যোগ্য বলে বিবেচিত হবেন তাদের জন্য ফিস মওকুফের ব্যবস্থা আছে।

কে বা কারা আই-১৩১ এফ ফরম ফিলাপের যোগ্য:

* এডমিশন অথবা প্যারল ছাড়া ইউএসএ উপস্থিতি থাকতে হবে; জুন ১৭, ২০১৪ আবেদন করা পর্যন্ত অব্যাহতভাবে ইউএসএ-তে অবস্থান করতে হবে।

* জুন ১৭, ২০২৪ তারিখে বা তার পূর্ব পর্যন্ত ইউএসএ'র কোন সিটিজেনকে বিয়ের প্রমাণ দেখাতে হবে।

* অপরাধ জনিত শুদ্ধ রেকর্ড দেখাতে হবে। সিটিজেন, জাতীয় নিরাপত্তা এবং সীমান্ত নিরাপত্তার প্রতি হুমকি স্বরপ এবং আঙ্গুলের ছাপ দিতে হবে। এবং

* আঙ্গুলের ছাপ দিতে হবে এবং ব্যাকগ্রাউন্ড চেকিং এর প্রমাণপত্র এবং জাতীয় নিরাপত্তার জন্য হুমকি নয়- এর প্রমানপত্র দেখাতে হবে।

ইউএস সিটিজেন নন এমন সৎ ভাইদের ক্ষেত্রে যা যা থাকতে হবে:

* ২১ বছরের নিছে বয়স এবং ১৭ জুন, ২০১৪ পর্যন্ত অবিবাহিত।

* এডমিশন অথবা প্যারল ছাড়া ইউএসএ অবস্থান।

* কমপক্ষে জুন ২০২৪ থেকে আবেদন পর্যন্ত অব্যাহতভাবে শারীরিক উপস্থিতি।

* কোন ক্রিমিনাল ইতিহাস নেই।

আঙ্গুলের ছাপ এবং ব্যাকগ্রউন্ড চেকের প্রমাণপত্র।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল: kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

*অনুবাদ: হুসনে এ. বেগম।*

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# বাংলাদেশে বন্যার্তদের সাহায্যার্থে নিউইয়র্কে 'বাংলাদেশ পথমেলা' অনুষ্ঠিত







বাংলাদেশে বন্যার্তদের সাহায্যার্থে নিউইয়র্কে জ্যাকসন হাইটসে ওয়ার্ল্ড হিউম্যান রাইট্স ডেভলপমেন্ট ইউএসএ'র 'বাংলাদেশ পথমেলা' অনুষ্ঠিত হয়েছে। ২৪ আগস্ট শনিবার জ্যাকসন হাইটসের এ পথমেলা প্রবাসী বাংলাদেশীরা অংশ নেন। পথমেলায় বন্যার্তদের সাহায্যার্থে অনুদান সংগ্রহে সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন শিল্পীরা। পথমেলায় সংগ্রহকৃত অর্থ বাংলাদেশে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের মাঝে বিতরণ করা হবে।


DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা

এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC

তারেক হাসান খান, সিইও
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
• INCOME TAX
• IMMIGRATION
• ACCOUNTING
• TAX AUDIT
• BUSINESS SETUP
• TRAVELS
IRS e-file
tax time!
tax refund
37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

# কখন নির্বাচন হবে সেটা সম্পূর্ণ রাজনৈতিক সিদ্ধান্ত, সরকারের নয়

*(প্রথম পাতা থেকে)* কবে হবে, তা স্পষ্ট নয়। এ বিষয়ে প্রধান উপদেষ্টা বলেন, 'একটা বিষয়ে সবাই জানতে আগ্রহী, কখন আমাদের সরকার বিদায় নেবে। এটার জবাব আপনাদের হাতে, কখন আপনারা আমাদেরকে বিদায় দেবেন। আমরা কেউ দেশ শাসনের মানুষ নই। আমাদের নিজ নিজ পেশায় আমরা আনন্দ পাই। দেশের সংকটকালে ছাত্রদের আহ্বানে আমরা এই দায়িত্ব গ্রহণ করেছি। আমরা সমস্ত শক্তি দিয়ে এই দায়িত্ব পালন করব। আমাদের উপদেষ্টামণ্ডলীও এই লক্ষ্যে উদ্বুদ্ধ হয়ে সবাই মিলে একটা টিম হিসেবে কাজ করে যাচ্ছে।'

জাতীয় সংসদ নিবাচন প্রশ্নে প্রধান উপদেষ্টা বলেন, 'কখন নির্বাচন হবে সেটা সম্পূর্ণ রাজনৈতিক সিদ্ধান্ত, আমাদের সিদ্ধান্ত নয়। দেশবাসীকে ঠিক করতে হবে আপনারা কখন আমাদের ছেড়ে দেবেন। আমরা ছাত্রদের আহ্বানে এসেছি। তারা আমাদের প্রাথমিক নিয়োগকর্তা। দেশের আপামর জনসাধারণ আমাদের নিয়োগ সমর্থন করেছে। আমরা ক্রমাগতভাবে সবাইকে বিষয়টি স্মরণ করিয়ে যাব, যাতে হঠাৎ করে এই প্রশ্ন উত্থাপিত না হয়, আমরা কখন যাব। তারা যখন বলবে আমরা চলে যাব।'

সরকার বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের কাজ শুরু করেছে উল্লেখ করে ড. মুহাম্মদ ইউনূস বলেন, 'দেশবাসীকে অনুরোধ করব, একটা আলোচনা শুরু করতে, আমরা সর্বনিম্ন কী কী কাজ সম্পূর্ণ করে যাব, কী কী কাজ মোটামুটি করে গেলে হবে। এই আলোচনার মাধ্যমে আমরা একটা দিকনির্দেশনা পেতে পারি। তবে চূড়ান্ত সিদ্ধান্ত রাজনৈতিক সিদ্ধান্ত। রাজনৈতিক সিদ্ধান্ত রাজনৈতিক আলোচনা থেকেই আসবে।'

এই দিকনির্দেশনা না পেলে তাঁরা দাতা সরকার এবং আন্তর্জাতিক অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে আলোচনায় দৃঢ়তার সঙ্গে অগ্রসর হতে পারছেন না বলেও উল্লেখ করেন ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, 'আমি নিশ্চয়তা দিচ্ছি, আমরা আমাদের পক্ষ থেকে মেয়াদ বৃদ্ধির কোনো প্রশ্ন তুলব না। আমরা আপনাদের সকলের দোয়া চাই। যে ক'দিন আছি সে সময়টুকু উপদেষ্টামণ্ডলীর প্রত্যেকে নিজ নিজ সাধ্যমতো দেশের এই সংকটকালে, সংকট উত্তরণে যেন নিজ নিজ মেধা সাধ্যমতো কাজে লাগাতে পারি, নতুন বাংলাদেশ গড়ার যে সুযোগ ছাত্র-জনতার রক্তের বিনিময়ে আমরা অর্জন করলাম, আমরা আমাদের মতানৈক্যের কারণে সেটা যেন হাতছাড়া না করে ফেলি এটা আমরা নিশ্চিত করতে চাই। এ সুযোগ এবার হারিয়ে ফেললে আমরা জাতি হিসেবে পরাজিত হয়ে যাব।'

নির্বাচন কমিশনকে সংস্কার করে যেকোনো সময় আদর্শ নির্বাচনের জন্য প্রস্তুত রাখা হবে বলেও জানান প্রধান উপদেষ্টা। তিনি বলেন, 'ছাত্র-জনতার গণঅভ্যুত্থানকে সফল পরিণতি দিতে প্রশাসন, বিচার বিভাগ, নির্বাচন কমিশন ও নির্বাচনী ব্যবস্থা, আইনশৃঙ্খলা খাত এবং তথ্য প্রবাহে প্রয়োজনীয় সংস্কার সম্পূর্ণ করে অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজন করা হবে। এর লক্ষ্য হবে দুর্নীতি, লুটপাট ও গণহত্যার বিরুদ্ধে একটি জবাবদিহিমূলক রাজনৈতিক বন্দোবস্তের সূচনা।'

**দেশের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি**

প্রধান উপদেষ্টা বলেন, লক্ষ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে এবং লক্ষ লক্ষ মা-বোনের আত্মদানের বিনিময়ে পাওয়া বাংলাদেশ ফ্যাসিবাদ ও স্বৈরাচারের হাতে ধ্বংস হয়ে গেছে। দেশের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে গেছে দুর্নীতি। বাংলাদেশ এমন এক দেশে রূপান্তর হয়েছে যেখানে স্বৈরাচারের পিওনও দুর্নীতির মাধ্যমে ৪০০ কোটি টাকার সম্পদ করার মতো অকল্পনীয় কাজ করে গেছে নির্বিবাদে। শিক্ষা খাতকে পঙ্গু করে দিয়েছে, ব্যাংকিং ও শেয়ার বাজার খাতে লুটপাট, প্রকল্প ব্যয়ে বিশ্ব রেকর্ড, অবাধ সম্পদ পাচার, আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাকে নিজ দলের পুতুলে রূপান্তর, বাক স্বাধীনতা হরণ, মানবাধিকার হরণ-এসবই হিমশৈলের অগ্রভাগ মাত্র।

ড. ইউনূস বলেন, ক্ষমতা কুক্ষিগত করতে ফ্যাসিবাদী সরকার জনগণের সাংবিধানিক ক্ষমতা ও অধিকার খর্ব করেছে। দুঃশাসন, দুর্নীতি, অন্যায়-অবিচার নিপীড়ন, বিচারের নামে প্রহসনের মাধ্যম জনসুরক্ষা বিপন্ন করেছে। জনগণকে নির্যাতন, বঞ্চনা ও বৈষম্যের মুখোমুখি দাঁড় করিয়ে দিয়েছে। নতুন প্রজন্মের মানুষসহ কোটি কোটি মানুষের ভোটাধিকারকে বছরের পর বছর হরণ করেছে।

প্রধান উপদেষ্টা বলেন, 'গণরোষের মুখে ফ্যাসিবাদী সরকারপ্রধান দেশ ত্যাগ করার পর আমরা এমন একটি দেশ গড়তে চাই, যেখানে প্রতিটি নাগরিকের মানবাধিকার থাকবে পুরোপুরি সুরক্ষিত। আমাদের লক্ষ্য একটিই। উদার, গণতান্ত্রিক, বৈষম্যহীন, অসাম্প্রদায়িক বাংলাদেশ। আমরা এক পরিবার। আমাদের এক লক্ষ্য। কোনো ভেদাভেদ যেন আমাদের স্বপ্নকে ব্যাহত করতে না পারে, সে জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ।'

**ধৈর্য্য ধারণের আহ্বান**

সবাইকে ধৈয্য ধারণ করার আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, এখনই সব দাবি পূরণ করার জন্য জোর করা, প্রতিষ্ঠানে ঢুকে ব্যক্তিবিশেষকে হুমকির মধ্যে ফেলা, মামলা গ্রহণের জন্য চাপ সৃষ্টি করা, বিচারের জন্য গ্রেপ্তারকৃত ব্যক্তিকে আদালতে হামলা করে আগেই এক ধরনের বিচার করে ফেলার যে প্রবণতা, তা থেকে বের হতে হবে।

প্রধান উপদেষ্টা জানান, জুলাই-আগস্ট মাসে গণ-অভ্যুথানে বল প্রয়োগ ও হতাহতের ঘটনার স্বচ্ছ তদন্ত নিশ্চিত করতে জাতিসংঘের মানবাধিকার কমিশনের তদন্তের প্রক্রিয়া এ সপ্তাহেই শুরু হবে। ছাত্র-জনতার বিপ্লবকে নস্যাৎ করতে দায়ের করা শত শত মিথ্যা ও হয়রানিমূলক মামলার বেশির ভাগ প্রত্যাহার করা হয়েছে। আটক ছাত্র-জনতার মুক্তির ব্যবস্থা করা হয়েছে। পর্যায়ক্রমে মিথ্যা ও গায়েবি সব মামলার ক্ষেত্রে একই ব্যবস্থা নেওয়া হবে। ন্যায়বিচার নিশ্চিত করতে গণ-অভ্যুথানে সকল শহীদের পরিবারকে পুনর্বাসন করা হবে। সকল আহত শিক্ষার্থী ও জনতার চিকিৎসার সম্পূর্ণ ব্যয় সরকার বহন করবে।

**শ্বেতপত্র প্রণয়ন হবে**

প্রধান উপদেষ্টা বলেন, গত ১৫ বছরের দুর্নীতি, অর্থপাচার ও জনস্বার্থবিরোধী চুক্তি সাক্ষর প্রকল্পের নামে লুটপাট ইত্যাদি তথ্য নিয়ে একটি শ্বেতপত্র প্রণয়নের জন্য ইতিমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে স্পষ্ট অবস্থান গ্রহণ করেছে উল্লেখ করে ড. ইউনূস বলেন, অন্তবর্তী সরকারের সব উপদেষ্টা দ্রুততম সময়ের মধ্যে তাঁদের সম্পদের বিবরণ প্রকাশ করবেন। পর্যায়ক্রমে এটি সকল সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রেও নিয়মিত এবং বাধ্যতামূলক করা হবে। রাষ্ট্রীয় পর্যায়ে দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে সংবিধানের ৭৭ অনুচ্ছেদে প্রতিশ্রুত ন্যায়পাল নিয়োগে অধ্যাদেশ প্রণয়ন করা হবে।

**ব্যাংক কমিশন**

লুটপাট ও দুর্নীতির আখড়ায় পরিণত করা ব্যাংকিং খাতে সুশাসন নিশ্চিত করার উদ্যোগ নেওয়ার কথা উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, ব্যাংকিং খাতে শৃঙ্খলা স্থাপন, ব্যবসা বাণিজ্যের সহায়ক পরিবেশ তৈরি এবং জনগণের জীবনযাপন সহজ করতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য ও মুল্যস্ফীতি নিয়ন্ত্রণে আনার উদ্যোগ সচল করা হয়েছে।

প্রধান উপদেষ্টা জানান, ব্যাংকিং খাতে দীর্ঘ মেয়াদি সংস্কারের জন্য ব্যাংক কমিশন গঠন করা হবে। আর্থিক খাতে সার্বিক পরিস্থিতি এবং সংস্কার বিষয়ে একটি রূপকল্প তৈরি করে দ্রুত প্রকাশ করা হবে। শেয়ারবাজার, পরিবহন খাতসহ যেসব ক্ষেত্রে চরম বিশৃঙ্খলা বিরাজ করছে তা নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়া হচ্ছে।

প্রধান উপদেষ্টা বলেন, বিচার বিভাগকে দুর্নীতি ও দলীয় প্রভাবমুক্ত করতে কার্যক্রম শুরু হয়েছে। একটি সুনির্দিষ্ট প্রক্রিয়ার মধ্য দিয়ে বিচার বিভাগের স্বাধীনতা ও জবাবদিহি নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে। ফ্যাসিবাদী সরকারের বিচারবহির্ভুত হত্যাকাণ্ড, গুম, খুন, অপহরণ এবং আয়না ঘরের মতো চরম ঘৃণ্য অপকর্মের ন্যায়বিচার নিশ্চিত করা হবে।

**আইনশৃঙ্খলা বাহিনীর সংস্কার**

প্রধান উপদেষ্টা বলেন, আইনশৃঙ্খলার ক্ষেত্রে জনমুখী ও দলীয় প্রভাবমুক্ত ও জবাবদিহিমূলক কাঠামো সৃষ্টির লক্ষ্যে পুলিশ কমিশন গঠন করা হবে। জাতিসংঘের তদন্ত প্রতিবেদন, দায়িত্বপ্রাপ্ত সকল সংস্থা ও জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে কমিশনের নেতৃত্বে প্রয়োজনীয় সংস্কার করা হবে।

প্রধান উপদেষ্টা বলেন, 'দেশপ্রেমিক সেনাবাহিনী, পুলিশ, বিজিবি, র‍্যাবকে গুম-নির্যাতনের কাজে লাগিয়ে তাদের কলঙ্কিত করা হয়েছে। তারা দেশের গৌরব। তাদের কিছু অতি উৎসাহী সদস্যের কারণে পুরো বাহিনীকে আমরা কলঙ্কিত দেখতে চাই না। আমরা অপরাধীদের চিহ্নিত করতে চাই এবং তাদের শাস্তি দিতে চাই। যেন ভবিষ্যতে কারও হুকুমে দেশপ্রেমিক কোনো বাহিনীর, পুলিশের, র‍্যাবের কোনো সদস্য হত্যাকাণ্ড, গুম ও অত্যাচারে জড়িত হওয়ার সাহস না করে।'

দেশরক্ষা বাহিনী, পুলিশ ও অন্যান্য সব বাহিনীর মধ্যে যারা হত্যাকাণ্ড, গুম, খুন বা শারীরিক, মানসিক অত্যাচারে সরাসরি জড়িত তাদের চিহ্নিত করে বিচারের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট বাহিনীগুলোকে তিনি নির্দেশ দিয়েছেন বলে ভাষণে উল্লেখ করেন প্রধান উপদেষ্টা।

**গণমাধ্যমের স্বাধীনতা**

তথ্যের অবাধ প্রবাহ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করা হবে জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, ফ্যাসিবাদী সরকার গণমাধ্যমের ওপরও দলীয়করণ ও নির্যাতনের বোঝা চাপিয়েছিল। জনগণের তথ্যের অধিকার নিশ্চিত করতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তথ্যের প্রবাহে বিদ্যমান আইনি ও অন্যান্য বাধা অপসারণ করা হবে। মত প্রকাশের স্বাধীনতা বাধাগ্রস্ত করে এমন সব আইনের নিপীড়নমূলক ধারা সংশোধন করা হবে। ইতিমধ্যে এ ধরনের আইনগুলো চিহ্নিত করে এই প্রক্রিয়া শুরু করা হয়েছে। প্রধান উপদেষ্টা বলেন, শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য প্রতিষ্ঠিত করে গেছে *(বাকি অংশ ২ এর পাতায়)*

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW
LAW OFFICE OF SEEMA GULIANI
BY APPOINTMENT ONLY
212-691-4343
seemagulianiesq@gmail.com
198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423
WE SPECIALIZE IN
• VAWA
• ASYLUM
• NVC PROCESS
• NATURALIZATION
• TOURIST VISAS (B1/B2)
• RELIGIOUS WORKER
• UNCONTESTED DIVORCES
• FAMILY BASED PETITIONS
• FIANCE/MARRAIGE VISAS
• LEGAL PERMANENT RESIDENCY
• EMPLOYMENT BASED VISAS
(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3




# ইবি-৩ ভিসায় গ্রীণকার্ড প্রাপ্তি শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বিশেষ প্রতিনিধি:
যুক্তরাষ্ট্রে ইবি-৩ ভিসার মাধ্যমে কীভাবে স্থায়ী বসবাসের সুযোগ পাওয়া যায় সে সংক্রান্ত এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে গত ১৭ আগস্ট, শনিবার। জ্যামাইকায় ব্রাইট হরিজন সলিউশনস আয়োজিত এ সেমিনারে বক্তারা ছিলেন অ্যাটর্নি শফি চৌধুরী, যিনি ইবি-৩ ভিসা প্রক্রিয়ার আইনি দিক নিয়ে আলোচনা করেন। এছাড়াও আহাদ আলী সিপিএ, ইবিও ভিসা-প্রক্রিয়ার আর্থিক দিক নিয়ে বক্তব্য রাখেন। মো. লিটন আহমেদ, যিনি নিয়োগকর্তা ও কর্মচারীর মধ্যে যোগাযোগ এবং প্রয়োজনীয় কৌশল নিয়ে কথা বলেন।

সেমিনারে অংশগ্রহণকারীরা এই ভিসা-প্রক্রিয়া এবং তার সফল আবেদনের কৌশল ছাড়াও এটি কীভাবে কর্মচারী ও নিয়োগকর্তা উভয়ের জন্য উপকারী হতে পারে, সে সম্পর্কে বিস্তারিত জানতে পারেন। উপস্থিত অংশগ্রহণকারীরা বিশেষজ্ঞদের থেকে এ বিষয়ে অবহিত করেন ও বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সেমিনার শেষে অংশগ্রহণকারীরা সন্তুষ্টি প্রকাশ করেন এবং ব্রাইট হরিজন সলিউশনসের এমন আয়োজনের জন্য ধন্যবাদ জানান। সেমিনারে অতিথিরা বিভিন্ন প্রশ্ন করেন, যা বিশেষজ্ঞরা বিস্তারিতভাবে উত্তর দেন।

ইবি-৩ ভিসার মাধ্যমে গ্রিন কার্ড পাওয়ার বিষয়ে অ্যাটর্নি শফি চৌধুরী বলেন, 'ইবিও ভিসা-প্রক্রিয়ার সময়কাল নির্ভর করে বিভিন্ন বিষয়ের ওপর, যেমন আবেদনকারীর দেশ, প্রয়োজনীয় ডকুমেন্টেশন সম্পন্ন হওয়ার সময় এবং ইউএসসিআইএসের প্রসেসিং সময়। সাধারণত ২৪ থেকে ৩৬ মাস সময় লাগে। তবে কিছু ক্ষেত্রে সময়কাল কমবেশি হতে পারে।'

যুক্তরাষ্ট্রে ব্রাইট হরিজন সলিউশানস আয়োজিত ভিসা সেমিনার ইবিও ভিসা-প্রক্রিয়ার জন্য কতটা অর্থনৈতিক খরচ হতে পারে? এমন প্রশ্নের উত্তরে আহাদ আলী সিপিএ বলেন, ইবিও ভিসার জন্য খরচ নির্ভর করে আইনি ফি, ডকুমেন্ট প্রস্তুতির খরচ এবং অন্যান্য প্রশাসনিক খরচের ওপর। সামগ্রিকভাবে ২০ হাজার ডলার থেকে ২৫ হাজার ডলার বা তার বেশি হতে পারে। এটি নির্দিষ্ট কিছু ক্ষেত্রে ভিন্ন হতে পারে।

কেউ ইবি-৩ ভিসাপ্রাপ্তির পর কত দিনে তার পরিবারকে যুক্তরাষ্ট্রে নিয়ে আসতে পারবে? এ বিষয়ে মো. লিটন আহমেদ বলেন, যদি কারও ইবিও ভিসা অনুমোদিত হয় এবং তিনি গ্রিন কার্ড পেয়ে যান, তাহলে তার স্ত্রী এবং ২১ বছরের কম বয়সী সন্তানেরাও একই সঙ্গে গ্রিন কার্ডের জন্য যোগ্য হবেন। পুরো প্রক্রিয়াটি একসঙ্গে করা সম্ভব, যা সময় এবং জটিলতা কমায়। তবে নিশ্চিত করতে হবে, সব ডকুমেন্টেশন সঠিক এবং সময়মতো জমা দেওয়া হয়েছে, যাতে কোনো বিলম্ব বা জটিলতা না হয়।

# হোমকেয়ার সেবায় বেতন কমলো

(শেষ পাতার পর) প্রবীণ ব্যক্তিদের দৈনন্দিন কাজ করার জন্য অন্যের সাহায্য প্রয়োজন হয়। এসব মানুষের স্বাস্থ্য বিবেচনা করে পরীক্ষা-নিরীক্ষার পর ঘণ্টা হিসাব করে একজন সেবাদাতা দেওয়া হয়। সেই হিসেবে সেবাদাতারা পারিশ্রমিক পান। সিডিপ্যাপের অধীনে থাকা সেবাগ্রহীতারা তাদের পছন্দমতো পরিবারের সদস্যকে সেবাদাতা হিসেবে নিয়োগ করতে পারেন। আগে একেকজন সেবাদাতা ঘণ্টায় ২১ থেকে ২৩ ডলার পর্যন্ত বেতন পেতেন। এখন থেকে তারা আর সেই বেতন পাবেন না। তাদের বেতন কমানো হয়েছে, যা চলতি মাস থেকে কার্যকর হয়েছে। নতুন নিয়ম অনুযায়ী একেকজন সেবাদাতা ঘণ্টায় ১৮ থেকে ২১ ডলার পর্যন্ত বেতন পাবেন। এতে বিভিন্ন হোম কেয়ার এজেন্সির আয়ও কমবে।

এ ব্যাপারে ইমিয়্যান্ট এন্ডার হোম কেয়ার এলএলসির চেয়ারম্যান ও সিইও গিয়াস আহমেদ বলেন, নিউইয়র্ক স্টেট থেকে নিয়ম করা হয়েছে গত মাসে। সিডিপ্যাপের আওতায় যারা সেবা দিচ্ছেন, তাদের বেতন কমবে এতে করে। ফলে এখন যারা ২১-২৩ ডলার কিংবা কোনো কোনো হোম কেয়ার এজেন্সি থেকে আরও বেশি বেতন পেতেন, তারা তা পাবেন না। আগে তারা যে পরিমাণ ঘন্টা পেতেন, এখন সেই পরিমাণ ঘণ্টাও পাবেন না। এতে করে সেবাগ্রহীতার সেবার ঘণ্টার পরিমাণ ও ডলারের পরিমাণ কমে যাওয়ায় তাদের আয়ও কমে যাবে।

নিউইয়র্কে হোম কেয়ার সংশ্লিষ্টরা বলছেন , হুট করে এমন সিদ্ধান্ত একেবারে ব্যবসাকে শ্লথ করবে। তারা বলছেন, আমরা এ নিয়ে আদালতের দ্বারস্থ হয়ে প্রতিকার চাওয়া হয়েছে। মামলার শুনানি হবে ২৮ আগস্ট। সেদিন একটি আদেশ আসতে পারে। তারা জানান, একদিকে বেতন কমছে, অন্যদিকে সেবার ঘণ্টা কমছে। ফলে যারা এই পেশার সঙ্গে এত দিন ছিলেন, আয় কমে গেলে অনেকেই এই পেশায় নাও থাকতে পারেন। তখন এই খাতে দক্ষ কর্মী পাওয়া কঠিন হবে।

এদিকে, সব হোম কেয়ার এজেন্সিকে মনিটরিংয়ের ক্ষমতা একটি কোম্পানির হাতে দেওয়া হচ্ছে। এতে করেও সমস্যা হতে পারে। একটি কোম্পানিকে মনিটরিংয়ের দায়িত্ব দিলে আগের মতো সেবা পাওয়া যাবে না। এ সংক্রান্ত একটি মামলাও করতে যাচ্ছে হোম কেয়ার মালিকরা। তাদের দাবি, একটি কোম্পানির হাতে মনিটরিংয়ের সব ক্ষমতা দেওয়া না হোক। যদি তা দেওয়া হয়, তাহলে গ্রাহকেরা পর্যাপ্ত সেবা পাবেন না।

# তথ্য প্রযুক্তি'র প্রতিষ্ঠান এস জে ইনোভেশনে'র

(১৬ এর পাতার পর) কার্যকর ভূমিকা পালন করছে । এসজে ইনোভেশন এর গুণগত মান এবং প্রতিশ্রুতি বিভিন্ন স্বীকৃতির মাধ্যমে সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে । প্রতিষ্ঠানটি স্বীকৃতি স্বরূপ আইএসও সার্টিফিকেশন অর্জন করেছে , ক্লাচের স্বীকৃতি পেয়েছেছ এবং ওঘঈ. ৫০০০ তালিকায় স্থান অর্জন করেছে । এছাড়াও, নিউইয়র্ক সিটিতে মাইনোরিটি এন্ড বিজনেস এন্টারপ্রাইজ (এমবিই) সার্টিফিকেশন লাভ করেছে। প্রতিষ্ঠানটি ঢাকা, সিলেট (বাংলাদেশ) এবং গোয়া শহরে (ভারত) অফিস স্থাপনের মাধ্যমে ২০০৯ সালে একটি নিবেদিত কোয়ালিটি অ্যাস্যুরেন্স (QA) টিম প্রতিষ্ঠা করেছে। এসজে ইনোভেশন-এর মান ও গ্রাহক সাফল্যের প্রতি এই অটল অঙ্গীকার এবং দায়বদ্ধতা প্রতিষ্ঠানটিকে আইটি ইন্ডাস্ট্রিতে অধিক বিশ্বস্ত অংশীদার হিসাবে প্রতিষ্ঠিত করেছে

এস জে ইনোভেশন এর সাফল্যের মূল ভিত্তি হল তাদের অপরিবর্তিত কোম্পানি কালচার: "Be Humble, Do Great Things Together, Work to Make Client Successful, Take Accountability, Embrace Challenges & Grow Yourself, and Help Each Other."

এই কালচারগুলি কোম্পানি'র মলূমন্ত্র হিসেবে প্রতিফলিত হয়েছে : Employee Happiness Generates Client Success.

কোম্পানি'র মিশন হল গ্রাহকের সফলতা মজবুতভাবে নিশ্চিত করার পাশাপাশি কর্মীদের সুখী ও কর্মক্ষম রাখার মাধ্যমে তাদের অগ্রতিতির পথ প্রশস্ত করা।

পার্টনারশিপ এবং প্রযুক্তিগত অগ্রগতি:
এসজে ইনোভেশন বিশ্বমানের প্রযুক্তি ও হেডলেস সিএমএস প্রদানকারীদের সাথে দৃঢ় অংশীদারিত্ব গড়ে তুলেছে, যেমন Acquia, AWS, Contentstack, Contentful, Veeva এবং Strapi। এই পার্টনারশিপ-এর মাধ্যমে তারা গ্রাহকদের জন্য সর্বাধুনিক সমাধান প্রদান করেছে। এসজে ইনোভেশন সর্বমোট ৩০০০+ প্রজেক্ট সম্পন্ন করেছে, যেখানে মেডিক্যাল, এগ্রিকালচার, ট্রাভেল, নন প্রফিট, পাবলিক সেক্টর, কর্পোরেট, লাইফস্টাইল, এডুকেশন, সেফটি এবং সিকিউরিটি শিল্পে বৈচিত্র্যময় গ্রাহকদের জন্য কাজ করেছে। এছাড়াও প্রজেক্টগুলোর জন্য উল্লেখযোগ্য সংস্থার সাথে, যেমন কাউন্সিল অন ফরেন রিলেশনস, টিচার্স পে টিচার্স, জ্যানসেন মেডিকেল ক্লাউড ইউকে, ট্যুর প্যাট্রন, এবং সান ডিয়েগো স্টেট ইউনিভার্সিটি কাজ করেছে।

একটি AI-ফার্স্ট কোম্পানি হিসাবে, এসজে ইনোভেশন 'CollabAI' নামক একটি কাস্টমাইজযোগ্য, সেলফ-হোস্টেড AI প্ল্যাটফর্ম চালু করেছে, যা GPT-4, Gemini, এবং Claude এর মতো উন্নত আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স মডেল ব্যবহার করছে। এর মাধ্যমে ব্যবহারকারী তাদের নির্দিষ্ট প্রয়োজন অনুযায়ী কাস্টমাইজ করতে সক্ষম হবে।

এসজে ইনোভেশনের সিইও 'শাহেদ ইসলাম' বলেন, "বিশ বছর আগে আমরা একটি স্বপ্ন নিয়ে এই যাত্রা শুরু করেছিলাম। আজ আমাদের বার্ষিকী উদযাপনের সময় আমি গর্বিত যা আমরা অর্জন করেছি, বিশেষ করে আমার নিজের দেশ বাংলাদেশে। ঢাকায় এবং সিলেটে আমাদের অফিসের উন্নতি দেখে আমি অত্যন্ত খুশি। আমাদের বৈশ্বিক সাফল্য গোয়া এবং বাংলাদেশের টিমের নিষ্ঠা এবং প্রতিভার প্রমাণ। সামনে, আমরা উদ্ভাবন চালিয়ে যাওয়ার এবং এমন অও সমাধান প্রদানের জন্য উচ্ছ্বসিত যা আমাদের গ্রাহকদের বিভিন্ন সমস্যার সমাধান করবে।"

এসজে ইনোভেশন-এর সিওও শাহেরা চৌধুরী বলেন, "আমরা যে এতো দূরে এসেছি যে আমাদের ২০তম বার্ষিকী উদযাপন করতে গিয়ে তা দেখে গর্ব অনুভব করছি। নিউ ইয়র্ক সিটিতে দুই জনের একটি অপারেশন হিসাবে শুরু থেকে, আজকের এসজে ইনোভেশন যা দাঁড়িয়েছে তা অবিশ্বাস্য। বিশেষ করে বাংলাদেশে আমাদের যে প্রভাব তাতে আমি অনেক আনন্দিত। আমাদের গোয়া এবং বাংলাদেশের টিমের সদস্যদের সহায়তা ও নিবেদন, আমাদের গ্রাহকদের বিশ্বাস, এবং উদ্ভাবন ও শ্রেষ্ঠত্বের প্রতি আমাদের অটল প্রতিশ্রুতি ছাড়া এটি সম্ভব হত না।"

প্রযুক্তিগত অগ্রগতির বাইরে, এসজে ইনোভেশন পেশাদার বৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নে সক্রিয়ভাবে অবদান রাখছে 'টেক অ্যান্ড টেনিস' এবং 'এআই লঞ্চপ্যাড'-এর মতো উদ্যোগের মাধ্যমে। বাংলাদেশে অও প্রতিভা বৃদ্ধির লক্ষ্যে 'এআই লঞ্চপ্যাড' একটি উল্লেখযোগ্য উদ্যোগ। এছাড়াও, এসজে ইনোভেশন-এর 'এসজে কমিউনিটি' প্রোগ্রামের মাধ্যমে ২০০০+ শিক্ষার্থীকে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করেছে।

ভবিষ্যতের লক্ষ্য: ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে, এসজে ইনোভেশন প্রযুক্তির সীমা প্রসারিত করতে, ক্রমাগত শিক্ষার এবং উন্নতির সংস্কৃতি প্রচার করতে এবং তাদের গ্রাহক এবং বিশ্বব্যাপী সম্প্রদায়ের জন্য মান তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

এসজে ইনোভেশন সম্পর্কে: এসজে ইনোভেশন হল একটি বিশ্বব্যাপী প্রযুক্তি সল্যুশন প্রদানকারী প্রতিষ্ঠান যা কাস্টম সফটওয়্যার ডেভেলপমেন্ট, AI (এআই) এবং ডিজিটাল ট্রান্সফরমেশন-এ বিশেষজ্ঞ। কোম্পানিটি ১৭০ জনেরও বেশি পেশাজীবীর একটি বৈচিত্র্যময় দল নিয়ে গঠিত, যারা উদ্ভাবনী প্রযুক্তিগত সমাধানের মাধ্যমে সম্প্রদায়কে ক্ষমতায়ন করতে উৎসাহী। শ্রেষ্ঠত্বের প্রতি অটল প্রতিশ্রুতি নিয়ে, এসজে ইনোভেশন ইতিবাচক পরিবর্তন আনতে এবং ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত করতে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে



# কমলা-ট্রাম্পের লড়াই হবে

*(শেষ পাতার পর)* সাবেক প্রেসিডেন্ট রিপাবলিকান পার্টির ডোনাল্ড ট্রাম্পও প্রচারযুদ্ধে তাঁর বক্তব্য তুলে ধরছেন। এরই মধ্যে তাঁকে সমর্থন জানিয়ে নির্বাচনি দৌড় থেকে সরে দাঁড়িয়ে ট্রাম্পের পল্লা ভারী করেছেন রবার্ট এফ কেনেডি জুনিয়র।

আগামী নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির মনোনয়ন আগেই নিশ্চিত করেছেন ডোনাল্ড ট্রাম্প। গত ২২ আগষ্ট বৃহস্পতিবার ডেমোক্রেটিক পার্টির জাতীয় সম্মেলনে কমলা হ্যারিসের হাতে আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়েছে দলীয় মনোনয়ন। এর মধ্য দিয়ে এই দুই প্রার্থীর মধ্যে শুরু হলো আনুষ্ঠানিক লড়াই। কমলাকে আপাতত ট্রাম্পের তুলনায় এগিয়ে থাকা মনে হলেও বিভিন্ন জরিপে দেখা যাচ্ছে, হোয়াইট হাউজে যাওয়ার দৌড়ে হাড্ডাহাড্ডি লড়াই হবে তাদের মধ্যে।

জাতীয় সম্মেলন শেষে শিকাগো থেকে নিজের নির্বাচনী পালে হাওয়া লাগিয়ে ফিরছেন সাবেক সিনেটর ও অ্যাটর্নি কমলা। প্রেসিডেন্ট জো বাইডেন নির্বাচনী দৌড় থেকে সরে গেলে গত মাসে ডেমোক্রেটিক পার্টির মনোনয়ন নিশ্চিত হয় কমলার। বিভিন্ন জরিপে বাইডেনের চেয়ে এগিয়ে ছিলেন ট্রাম্প। কিন্তু কমলা এসে সে ব্যবধান ঘুচিয়ে ফেলেন এবং ট্রাম্পকে ছাড়িয়ে যান।

দোদুল্যমান অঙ্গরাজ্যগুলোতে কমলার প্রচার দলের পরিচালকের দায়িত্বে আছেন ড্যান ক্যানিনেন। অবশ্য সম্মেলনের ফাঁকে একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে সতর্ক আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। ক্যানিনেন বলেন, নির্বাচনী লড়াইয়ে মৌলিকভাবে সেই অর্থে কোনো পরিবর্তন আসেনি এবং এটি এখনো খুবই কঠিন লড়াইয়ের জায়গায় আছে। শিকাগোতে ডেমোক্রেটিক পার্টির সাবেক প্রেসিডেন্টদের পাশাপাশি দলটির জ্যেষ্ঠ নেতারাও এতে উপস্থিত হয়েছিলেন। এই সম্মেলন থেকেই ৫ নভেম্বরের চূড়ান্ত লড়াইয়ের যাত্রা শুরু হয় কমলার।

একসময় জরিপগুলোতে দেখা যায়, বাইডেনের বিপরীতে জয় পেতে যাচ্ছেন ট্রাম্প। পরে কমলাকে সমর্থন দিয়ে আকস্মিকভাবে নির্বাচন থেকে সরে দাঁড়ান বাইডেন। এরপর জরিপের ফল পাল্টে দিতে থাকেন তিনি। বর্তমানে তিনি রাজনৈতিকভাবে অনেকটা মধুচন্দ্রিমা পার করছেন। শিগগিরই যে এর অবসান হবে, সে লক্ষণও দেখা যাচ্ছে না। তবে দলের নেতারা সতর্ক করে বলছেন, পাল্টা ঝড়ে এখনো নির্বাচনী প্রচারণার মোড় ঘুরিয়ে দিতে পারে। এর মধ্যে রয়েছে ইসরায়েল-হামাস যুদ্ধ নিয়ে যুক্তরাষ্ট্রের নীতির বিরুদ্ধে দেশটিতে চলা বিক্ষোভ। এদিকে আনুষ্ঠানিকভাবে দলীয় মনোনয়ন গ্রহণের পর ভাষণে কমলা হ্যারিস অতীতের তিক্ততা, বিদ্বেষ ও বিভেদমূলক লড়াইকে পেছনে ফেলে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, দেশকে এগিয়ে নিতে হবে। তবে তা কোনো একটি দল বা উপদলের সদস্য হিসেবে নয়, আমেরিকান হিসেবে।


# নিউইয়র্কে প্রদর্শিত হল জাতীয় পুরস্কারপ্রাপ্ত "কুড়া পক্ষীর শুণ্যে উড়া"




নিউইয়র্ক:
নিউইয়র্কের জ্যামাইকার কুইন্স পাবলিক লাইব্রেরি মিলনায়তনে ২৪ আগষ্ট শনিবার সকাল ১১টায় প্রদর্শিত হয়েছে বাংলাদেশ জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত "কুড়া পক্ষীর শুণ্যে উড়া"। চলচ্চিত্রের যাদুকরী দৃশ্যরূপ আর গতিময় নাটকীয়তা নিয়ে, লৌকিক উত্তরাধিকার ও লোকজ সাংস্কৃতিক ঐতিহ্যের আবহে রচিত, বৈষম্য ও বঞ্চনার মাঝে ভাটি বাংলার কৃষিজীবী মানুষের চিরকালীন জীবন সংগ্রামের আখ্যান!! ভাটির দেশের মাটির ছবি কুড়া পক্ষীর শূন্যে উড়া।

কুড়া পক্ষীর শুন্যে উড়া- হাওর অঞ্চলের দর্পণ বাংলাদেশের মত নিউইয়র্কেও অনেকটা চুপিসারেই এই সিনেমাটা মুক্তি পেয়েছিল, একটি মাত্র শো। ট্রেলার দেখেই কেমন যেন একটা মাটির গন্ধ পাওয়া যায়। মাটির পুরো গন্ধ নিয়েই ফিরে এসেছে দর্শক। হাওর অঞ্চলের একটা পরিবারকে ঘিরে গড়ে উঠেছে এই সিনেমার কাহিনি। তাদের জীবনের লক্ষ্য আর স্বপ্ন একটাই- পেট ভরে ভাত খাওয়া। ধানের চাষকে ঘিরেই তাদের জীবন আবর্তিত হয়। কিন্তু তাদের এতটুকু স্বপ্নও পূরণ হয় না প্রকৃতির রুদ্রমূর্তিতে। বানের জল তাদের সব ভাসিয়ে নিয়ে যায়। পচে যাওয়া ধান গাছকে জড়িয়ে তাদের চোখের জল আর বৃষ্টির জল একাকার হয়ে যায়। এরপরেও তারা থেমে থাকে না, ঘুরে দাঁড়ায়, আবারও নতুনভাবে বাঁচার স্বপ্ন দেখে। নিজের থালার ভাত উঠিয়ে দেয় সম্পূর্ণ অপরিচিত অতিথির জন্য, শুধুমাত্র অতিথি ভাতের কষ্ট করেছে বলে। এর মাঝেও আনন্দ মাতোয়ারা হওয়ার চেষ্টা করে তারা, যদিও আনন্দের উৎস তাদের কাছে নেই বললেই চলে। যাদের কাছে খাওয়ার জন্য চাল নেই, তাদের কাছে বিনোদনের জন্য মোবাইল, ফেসবুক আশা করা বাতুলতা বৈকি! লঞ্চে কোন বিয়ের যাত্রীদল বিয়েবাড়িতে যাচ্ছে- সেটা দেখাই তাদের কাছে সিনেমা দেখার মত আনন্দ! সেই বিয়ের অনুষ্ঠানে যেন নিজের বিয়ের দিনকে খুঁজে পায় তারা, সেই দিনের কথা ভেবে হয়তো একই সাথে কিছুটা আনন্দিত আর দুঃখিতও হয় তারা। তবে অনুভূতির টিকে থাকার সময় এখানে খুবই কম কারণ শুকনো মৌসুমে যে জায়গায় বিস্তীর্ণ ধানক্ষেত থাকে, পানি চলে এলে সেখানে নৌকা ছাড়া কোন উপায় থাকে না। সেখানে মরেও শান্তি নেই, কারণ কবর দেয়ার মত বিন্দুমাত্র মাটি অবশিষ্ট থাকে না সেখানে, পানিতে লাশ ভাসিয়ে দেয়াই একমাত্র নিয়তি সেসময়।

ধ্রুপদী চিত্রলোক নিবেদিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'কুড়া পক্ষীর শূন্যে উড়া' অভিনয়ে - জয়িতা মহলানবিশ, উজ্জ্বল কবির হিমু, সুমী ইসলাম, সামিয়া আখতার বৃষ্টি, বাদল শহীদ, মাহমুদ আলম ও আবুল কালাম আজাদ চিত্রগ্রাহক - মাজাহারুল রাজু লোকেশন শব্দ গ্রহণ - সাজ্জাদ আহমেদ শিল্প নির্দেশনা - রবি দেওয়ান সঙ্গীত - সাত্যকি ব্যানার্জি শব্দ পরিকল্পনা - সুকান্ত মজুমদার সম্পাদনা - অর্ঘ্যকমল মিত্র রচনা ও পরিচালনা - মুহাম্মদ কাইউম। ছবিটি উত্তর আমেরিকায় পরিবেশনা করছে প্রিয়জন ফিল্মস্। সার্বিক সহযোগীতায় টোস্টার প্রোডাকশন, নোলক, আশা হোম কেয়ার এবং এটর্নী মইন চৌধুরী। প্রিয়জন ফিল্মসের কর্নধার লিটু আনাম সকলকে মা মাটি ও মানুষের ছবি দেখার জন্য ধন্যবাদ জানান এবং এরকম আয়োজন অব্যাহত থাকবে বলে জানান। উল্লেখ্য যে ছবিটি বাংলাদেশ ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে সেরা চলচ্চিত্র পুরস্কার জয়লাভ করে।




ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।

আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।

আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com


OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm


38th FOBANA
Federation of Bangladeshi Associations in North America
CONVENTION 2024
চেতনায় বাংলাদেশ
Date : 30 August 31 August 01 September 2024
Venue: Crystal Gateway Marriott
1700 Richmond Highway, Arlington, VA 22202
TITLE SPONSOR
WASHINGTON UNIVERSITY OF SCIENCE AND TECHNOLOGY
PEOPLE TECH
কুমার বিশ্বজিৎ
আঁখি আলমগীর
প্রিয়ংবদা ব্যানার্জী
মুজা
তোসিবা
শফিক তুহিন
মিমি আলাউদ্দিন
অঙ্কন
মাহফুজা মমো
আরজিন কামাল
জেফার
স্বপ্নীল সজীব
অনিমা ডি' কস্তা
রোমেল খান
বিউটি দাস
Our Proud DIAMOND Sponsor
Utshob Group
GROUP
AASHA GROUP OF COMPANIES
EDEN BAY
Mozharul Hoque
Dr. Halida Hanum Akhter & Golam Farid Akhter
Hosted by : Bangladesh Association of Greater Washington DC (BAGWDC)
MOHAMED ALAMGIR
Chairperson, FOBANA
(703) 626-5814
ABIR ALAMGIR
Executive Secretary, FOBANA
(347) 724-9518
ROKSHANA PERVEN
Convener, Host Committee
(703) 843-8854
ABU RUMI
Member Secretary
(703) 861-1606
NURUL AMIN NURU
President
(703) 930-2490
www.2024.fobanaonline.com, www.fobanaonline.com
MEDIA PARTNERS:
MEDIA FRIENDS:

সংবাদ সম্মেলনে সিইসি'র তফসিল ঘোষণা

# বাংলাদেশ সোসাইটির নির্বাচন ২৭ অক্টোবর






**বাংলা পত্রিকা রিপোর্ট:**
যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'মাদার সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি ইনক'র দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৫-২০২৬) আগামী ২৭ অক্টোবর রোববার অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে বৃহস্পতিবার (২২ আগষ্ট) বিকেল ৬টায় সিটির এলহার্মস্টস্থ বাংলাদেশ সোসাইটি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার এসএম জামাল আহমেদ জনি নির্বাচনী তফসিল ঘোষণা করেন। সংবাদ সম্মেলনে নির্বাচনের কতিপয় বিধিমালাও তুলে ধরেন এবং কঠোরভাবে এসব নীতিমালা মেনে চলা হবে।

সংবাদ সম্মেলনে সাত সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের অপর সদস্যদের মধ্যে মোহাম্মদ এ. হাকিম মিয়া, মোহাম্মদ আনোয়ার হোসেন, মোহাম্মদ এ মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন ও আহবাব চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন। কমিশনের অপর দুই সদস্য মোহাম্মদ এ মান্নান ও মেহবুবুর রহমান বাদল ব্যক্তিগত জরুরী কাজে ব্যস্ত থাকায় উপস্থিত থাকতে পারেননি। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া, সাধারণ সম্পাদক ও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'রুহুল-জাহিদ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী, 'সেলিম-আলী' প্যানেলের সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী এবং সোসাইটির প্রচার ও জনসংযোগ সম্পাদক রিজু মোহাম্মদ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জামাল আহমেদ জনি জানান, বাংলাদেশ সোসাইটি ইনক এর দ্বি-বার্ষিক কার্যকরি কমিটির (২০২৫-২০২৬) নির্বাচন আগামী ২৭ অক্টোবর রোববার সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তিনি জানান, মনোনয়নপত্র বিক্রি করা হবে ২৫ আগষ্ট রোববার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত।  মনোনয়নপত্র জমা নেয়া হবে ২ সেপ্টেম্বর সোমবার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত, মনোনয়নপত্র যাচাই-বাছাই ৩ সেপ্টেম্বর মঙ্গলবার বিকেল ৫টা থেকে রাত ৯টা। প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ ৪ সেপ্টেম্বর বুধবার বিকালে। ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত আপিল ও শুনানী হবে। মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে ৭ সেপ্টেম্বর শনিবার বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ৮ সেপ্টেম্বর, রোববার। মনোনয়ন সংক্রান্ত সকল কার্যক্রম বাংলাদেশ সোসাইটির নিজস্ব কার্যালয় থেকে নির্বাচন কমিশন পরিচালনা করবেন।

জামাল আহমেদ জনি আরো জানান, এবার সোসাইটির ভোটার সংখ্যা মোট ১৮ হাজার ৬১৩ জন। এদের মধ্যে সাধারণ ভোটার ১৭ হাজার ৭৫৯ এবং আজীবন সদস্য ৮৫৪ জন। এবারের নির্বাচনের জন্য ৫টি ভোট কেন্দ্র করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্ভাব্য কেন্দ্রগুলোর নাম ও স্থান পরে জানানো হবে।

অতীতের মতো এবারের নির্বাচনও ফ্রি এন্ড ফেয়ার হবে উল্লেখ করে জামাল আহমেদ সোসাইটির কার্যকরি কমিটির ১৯টি পদের জন্য মনোনয়ন ফি তুলে ধরেন। বিভিন্ন পদের ফিগুলো হলো: সভাপতি পদের জন্য ৫,৫০০ ডলার, সিনিয়র সহ সভাপতি ৪,৫০০ ডলার, সহ সভাপতি ৪,০০০ ডলার, সাধারণ সম্পাদক ৪,২০০ ডলার, সহকারী সাধারণ সম্পাদক ২,৭০০ ডলার, কোষাধ্যক্ষ ২,৫০০ ডলার, সাংগঠনিক সম্পাদক ১,৮০০ ডলার, বিভাগীয় সম্পাদক (৬টি পদ প্রতি) ১,৫০০ ডলার এবং কার্যকরী পরিষদ সদস্য (৬টি পদ প্রতি) ১,২০০ ডলার।

এক প্রশ্নের উত্তের জামাল আহমেদ জনি বলেন, বর্তমানে নির্বাচনী ব্যয় বেশী হলেও সার্বিক পরিস্থিতি বিবেচনায় মনোনয়ন ফি বিগত নির্বাচনের সময় যা ছিলো তাই ধরা হয়েছে, কোন ফি বাড়ানো হয়নি। আর মিতব্যায়ী নীতি অবলম্বন করে এবারের নির্বাচন পরিচালনা করা হবে।

অপর এক প্রশ্নের উত্তরে জামাল আহমেদ জনি বলেন, প্রাথমিক আর চুড়ান্ত ভাটার তালিকার সংখ্যা নিয়ে কোন গড়মিল থাকলে তার দায়িত্ব সোসাইটির কার্যকরী পরিষদের, নির্বাচন কমিশনের নয়। পাশাপাশি তিনি বলেন, অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনায় সংবাদ সম্মেলনে উপস্থিত সম্মানিত সম্পাদক ও সাংবাদিকদের যেকোন ভালো পরামর্শ আমরা গ্রহণ করার চেষ্টা করবো।

# নাসাউ কাউন্টির মাস্ক নিষিদ্ধ সিদ্ধান্তের বিরুদ্ধে চ্যালেঞ্জ করে ফেডারেল মামলা


**বাংলা পত্রিকা ডেস্ক:**
স্বাস্থ্য এবং ধর্মীয় কারন ছাড়া জনসম্মুখে মাস্ক পড়ার উপর নিষেধাজ্ঞা জারি করে আইন পাস করেছে নাসাউ কাউন্টি। গত ২২ আগষ্ট বৃহস্পতিবার নিউইয়র্কে ডিসএবিলিটি রাইটস এই রায়ের উপর অস্থায়ী একটি নিষেধাজ্ঞা আদেশ জারি করে। সেইসাথে অবিলম্বে নাসাউ কাউন্টি মাস্ক ট্রান্সপারেন্সি অ্যাক্টের প্রয়োগ করা এই নিষেধাজ্ঞার বিরুদ্ধে চ্যালেঞ্জ করে মামলা দায়ের করা হয়। সংস্থাটির নির্বাহী পরিচালক টিমোথি বলেন, মাস্ক নিষেধাজ্ঞা জনস্বাস্থ্যের জন্য সরাসরি হুমকি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বৈষম্য সৃষ্টি করে। মামলার একাধিক বাদী জানান, বিভিন্ন স্বাস্থ্যগত কারনে মেডিকেল গ্রেডের মুখোশ পড়তে হয় তাদের। তবে নতুন আদেশের কারনে তারা হয়রানি শিকার হচ্ছেন। এছাড়া গ্রেফতার হওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন মামলার বাদীরা।


# নিউইয়র্কে পিকআপ ট্রাকের ধাক্কায় গাড়িতে আগুন, নিহত ২

**বাংলা পত্রিকা ডেস্ক:**
নিউইয়র্কের মহাসড়কে উল্টো পথ দিয়ে আসা একটি পিক আপে ট্রাকের ধাক্কায় একটি গাড়িতে বিস্ফোরন ঘটে। এতে গাড়িতে থাকা  ২ ব্যক্তি নিহত হয়। শনিবার (২৪ আগষ্ট) রাত আড়াইটার দিকে নর্থবাউন্ড হেনরি হাডসনের কাছে ওয়েস্ট ১৫৪তম স্ট্রিটে এই দুর্ঘটনাটি ঘটে। নিউইয়র্ক পুলিশ জানায়, নর্থবাউন্ড লেনে উত্তরমুখে একটি একটি গাড়ি যাওয়া সময় উল্টো পথ থেকে আসা একটি পিকআপ ট্রাকের সাথে ধাক্কা লাগে। এতে তাতক্ষনিক গাড়িতে আগুন লেগে যায়। ওই গাড়িতে থাকা ২ ব্যক্তিকে হাসপাতালে নিয়ে গেলে, কর্তব্যরত চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করে। মৃত ব্যক্তিদের পরিচয় এখনো জানতে পারেনি পুলিশ। পিকআপ ট্রাকের চালককে খুঁজছে বলে জানিয়েছে পুলিশ।

# গাঁজা বিক্রি করে ৬ মাসে ৬০ মিলিয়ন রাজস্ব আয়

**বাংলা পত্রিকা ডেস্ক:**
প্রাপ্ত-বয়স্ত ব্যক্তিদের কাছে আইনিভাবে গাঁজা বিক্রিতে নিউইয়র্ক স্টেটে ৬ মাসে ৬০ মিলিয়ন  রাজস্ব আয় বেড়েছে। বর্তমানে নিউইয়র্ক স্টেটে আইনিভাবে ১৬৫টি ডিসপেনসারিতে প্রাপ্তবয়স্কদের কাছে গাঁজা বিক্রি করা হচ্ছে। ক্যানাবিজ ম্যানেজমেন্ট অফিসের পলিসি ডিরেক্টর জন কাগিয়া বলেন, নিউইয়র্ক স্টেইটে চলতি বছরের প্রথম ত্রৈমাসিকে নিউইয়র্কে ১০০মিলিয়ন এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ১৬০মিলিয়ন ডলার মূল্যের গাজা বিক্রি হয়েছে। দুই ত্রৈমাসিকে ৬০মিলিয়ন ডলারের প্রবৃদ্ধি বেড়েছে। তৃতীয় ত্রৈমাসিকে এই প্রবৃদ্ধি আরো বাড়বে বলে আশা করা হচ্ছে। জানান যায়, সব ধরনের গাজা বিক্রিতে ১৩ শতাংশ কর আরেপ করা হয়েছে। তবে এই রাজস্ব করের ৪ শতাংশ ওই সকল পৌরসভাগুলোতে ফেরত দেওয়া হয় যেখানে বৈধভাবে গাজা ব্যবসায় পরিচালনা করা হয়। গত ৩ মাসে নিউইয়র্কের প্রায় ১হাজারটি অবৈধ গাঁজার দোকান বন্ধ করা হয়েছে।



# ‘বাংলা পোস্ট’র উদ্বোধন করলেন মেয়র এরিক অ্যাডামস










**নিউইয়র্ক (ইউএনএ):**
নিউইয়র্ক থেকে প্রকাশিত হলো আরো একটি নতুন সাপ্তাহিক পত্রিকা ‘বাংলা পোস্ট’। সপ্তাহের প্রতি মঙ্গলবার পত্রিকাটি প্রকাশিত হবে। গত ১৯ আগস্ট সোমবার এক বর্ণাঢ্য অনুষ্ঠানে পত্রিকাটি উদ্বোধন করেন সিটি মেয়র এরিক অ্যাডামস। এ উপলক্ষ্যে ঐদিন সন্ধ্যায় লাগোর্ডিয়া এয়ারপোর্ট ম্যারিয়ট হোটেলের বলরুমে আয়োজিত অনুষ্ঠানে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির বিশিষ্ট ও গণ্যমান্য ব্যক্তির্গের উপস্থিতিতে ভিন্ন আমেজের সৃষ্টি হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। পরবর্তীতে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানিকতা শুরু হয়। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো ফুলেল শুভেচ্ছা বিনিময়, শুভেচ্ছা বক্তব্য, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন ও ব্যক্তির পক্ষ থেকে বারী গ্রুপের কর্ণধার ও প্রকাশক আসিফ বারী টুটুল ও সম্পাদক মুনমুন হাছিনা বারী-কে ফুলেল শুভেচ্ছা জানান। খবর ইউএনএ’র।
অনুষ্ঠানে উপস্থিত অতিথিকে স্বাগত জানান বাংলা পোস্ট-এর প্রকাশক আসিফ বারী টুটুল। এরপর কমিউনিটির বিশিষ্ট বক্তিবর্গ একে একে মঞ্চে উঠে বারী মিডিয়া ও বাংলা *(বাকি অংশ ৬ এর পাতায়)*

# তথ্য প্রযুক্তি’র প্রতিষ্ঠান এস জে ইনোভেশনে’র ২০ বৎসর পূর্তি উদযাপন




*(শেষ পাতার পর)* ঝাঁকঝমকভাবে ২০ বৎসর পূর্তি উদযাপন করা হয়েছে। নিউইয়র্কের লং আইল্যান্ডে অবস্থিত একটি কনভেনশন হলে এস জে ইনোভেশনে’র সিও শাহেদ ইসলামের আমন্ত্রণে প্রতিষ্ঠাবার্ষিকীর আয়োজনে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের প্রযুক্তি খাতে স্বনামধন্য উদ্ভাবক ব্যক্তিবর্গ। এ সময় কেক কেটে এস জে ইনোভেশনে’র প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।
২০০৪ সালে নিউইয়র্ক সিটিতে মাত্র দুই জন মানুষের উদ্যোগে যাত্রা শুরু করে এস জে ইনোভেশন। এরপর প্রতিষ্ঠানটি সাফল্যের ধারাবাহিকতা রেখে স্বনামধন্য তথ্য প্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে এখন বিশ্বব্যাপী পরিচিত। এস জে ইনোভেশনে’র প্রধান কার্যালয় নিউইয়র্কে। ২০০৬ সালে তারা ভারতের গোয়া শহরে একটি অফিস স্থাপন করেছেন। বাংলাদেশেও প্রতিষ্ঠানটির সুপ্রসারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এর ধারাবাহিকতায় ২০০৭ সালে ঢাকা এবং ২০১৬ সালে সিলেটে অফিস স্থাপনের মাধ্যমে বাংলাদেশে এস জে ইনোভেশন তাদের কার্যক্রম আরো প্রসারিত করেছে। সৃষ্টি করেছে কর্মসংস্থান। বর্তমানে বাংলাদেশে প্রতিষ্ঠানের অধীনে ৮০ জনেরও অধিক দক্ষ পেশাজীবী কর্মী কাজ করে যাচ্ছেন এবং নিজেদের দক্ষতার বিকাশ করে যাচ্ছেন।

**উদ্ভাবনের জগতে এস জে ইনোভেশন:**
দুই দশকেরও বেশি দীর্ঘ যাত্রায়, এসজে ইনোভেশন বিশ্বজুড়ে তাদের গ্রাহকদের জন্য সর্বোচ্চ মানের ওয়েব এবং সফটওয়্যার সল্যুশন সরবরাহ করে আসছে এবং বর্তমানে এস জে ইনোভেশন এ আই (AI) প্রথম সফটওয়্যার সল্যুশনের দিকে মনোনিবেশ করেছে যা টেক ইন্ডাস্ট্রিতে অত্যন্ত *(বাকি অংশ ১২ এর পাতায়)*

# কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক্
# KULAURA BANGLADESHI ASSOCIATION OF U.S.A. INC.

## বাৎসরিক বনভোজন ২০২৪

আকর্ষনীয় র‍্যাফেল ড্র : আইফোন ও স্বর্ণের চেইন সহ ১১ টি পুরস্কার ও ছোট-বড় সকলের জন্য ক্রীড়া প্রতিযোগিতা



**স্থানঃ এষ্টোরিয়া পার্ক** | তারিখ ১ সেপ্টেম্বর ২০২৪ রবিবার সকাল ১০টা - বিকাল ৭ টা |



মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান সংগীত পরিবেশনায় দেশ ও প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী চন্দ্রা রায়

**PICNIC DATE: SUNDAY, 1ST SEPTEMBER, 2024 PLACE: ASTORIA PARK, 19 STREET, 23RD DR. ASTORIA, NY 11105**

| | | |
|---|---|---|
| ১। আইফোন ১২ | মঈন চৌধুরী, ATTORNEY AT LAW | Tel: 917-282-9256 |
| ২। স্বর্ণের চেইন | সুয়েব আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক | |
| ৩। স্বর্ণের চেইন | হারুনুর রশিদ তালুকদার, বিশিষ্ট সমাজসেবক ও সাবেক প্রতিষ্ঠাতা ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক কুলাউড়া এসোসিয়েশন। | |
| ৪। আই-পেড | সাইফুল ভূঁইয়া, STRITS INCOME TAX SERVICE | Tel: 646-508-5790 |
| ৫। স্বর্ণের দোল | জালাল উদ্দিন (লিটন), ডেলিগেইট - পিয়ার হোটেল | |
| ৬। স্বর্ণের রিং | লুৎফুর রহমান (ওয়াসিম), নতুন কুড়ি ক্রিকেট ক্লাব এর প্রতিষ্ঠাতা সভাপতি, বরমচাল কুলাউড়া | |
| ৭। আপেল ওয়াচ | আবু তাহের চৌধুরী, PRESIDENT, BENGAL FRIENDS INC. CALIFORNIA | |
| ৮। ল্যাপটপ | শামীম আহমেদ, OWNER BOMBAY MASALA RESTAURANT | Tel: 718-578-3904 |
| ৯। আপেল এয়ার পড | মো: চৌধুরী (লিপন), NEW YORK, LIFE INSURANCE AGENT | Tel: 917-443-3017 |
| ১০। এয়ার ফ্রায়ার | তিতুমির আলম (রুমান), PRESIDENT, ZIYANAS FASHION | Tel: 718-593-2736<br>917-741-5958 |
| ১১। রাইছ কুকার | আলী হাসান, সভাপতি, শ্রীধরা জনমঙ্গল সমিতি ইউ, এস এ ইনক্ | |

### বিশেষ সহযোগিতায়

MHC
MARKS HOME CARE
SK. ABBAS U. AHMED
917-216-5251



Zakir Choudhury, CPA
*Founder & CEO*
TAX, AUDIT & CORPORATION
929-207-1516
info@zakircpa.com

CONSULTANCY
IMMIGRATION • TRANSLATION • INTERPRETATION
929-763-7436
iconsult.email@gmail.com

FIDELIS CARE
MOSAHED RASHED
Health Benefit Representative
59-17 Junction Boulevard
Elmhurst, NY 11373
917-744-3636

সম্মানীত প্রবাসী কুলাউড়াবাসী, আস্সালামু আলাইকুম/আদাব।
আগামী ১ সেপ্টেম্বর ২০২৪, রবিবার কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক এর উদ্যোগে অপরূপ সুন্দর প্রাকৃতিক নির্মল ছায়াবেষ্টিত এষ্টোরিয়া পার্কে বনভোজনের আয়োজন করা হয়েছে। উক্ত বনভোজনে আপনি/আপনারা সপরিবারে আমন্ত্রিত।

### আমন্ত্রণক্রমে

**শাহ্ আলাউদ্দিন**
সভাপতি
৯২৯-৫৯২-৬৪৩০

**জাবেদ আহমেদ**
সাধারণ সম্পাদক
৬৪৬-৬৪৫-৫৪০১

### কার্যকরি পরিষদ

মোহাম্মদ এফ মালিক (মুরাদ), মোঃ মাসুক আহমদ (সুজন), মোঃ ওবায়দুর রহমান (কামাল), শেখ শামীম আহমেদ, এনামুল ইসলাম খান, মুজিবুর রহমান, নুরুন নাহার হাসান (লুসি), মাহমুদা ইসলাম (রুমা), বদরুল ইসলাম (মিন্টু), মোঃ মঈনুর রহমান (সুয়েব), মোঃ আলতাফ হোসেন, ইমরুল হোসেন জেবুল ও লুৎফুর রহমান।

### উপদেষ্টা পরিষদ

আবুল কালাম, মোঃ আব্দুল জলিল, মোঃ আব্দুস সালাম, মোঃ নজরুল ইসলাম, ডাঃ মুজিবুর রহমান, মোঃ আব্দুল মোক্তাদীর, মশাহিদ জে. রাশেদ, মহি উদ্দিন, মোঃ এ.এম. চৌধুরী, সিরাজ উদ্দিন আহমদ ও মোঃ তজমুল আলী।

প্রচারেঃ এনামুল ইসলাম খাঁন, ৩৪৭-৬৯১-৭৮৪৬

# সাহিত্য সাময়িকী

## মানুষ ও তার প্রকৃতি

মুস্তফা হাবীব

সমুদ্রের জলস্তর পর্যবেক্ষণ করে দেখলাম
মাছেদের মধ্যে কোনো ডানবাম নেই, নেই দলাদলি
জলের ভাগাভাগি নিয়ে কেউ কারো বুকে চালায়না গুলি,
তবে নিরাপদ নয়, মানুষের ভয়ে সর্বক্ষণ তটস্থ থাকে।

সুন্দরবনের বৃক্ষলতা ও বাতাসের ঘ্রাণ নিয়ে দেখলাম
বন্যেরা বনের সৌন্দর্য নষ্ট করে না
মনোতন্ত্রের বাহারি খেলায় কেউ খায়না কারো ভবিষ্যত,
তবে শিকারীর ভয়ে বন্যেরা অবস্থান পাল্টায়।

মানুষের জনপদে জ্বলে মানুষের হিংসার অগ্নিফলক
মানুষই কেড়ে খায় মানুষের অধিকার- স্বাধীনতা
সুযোগ পেলে একজন দাঁড়ায় অন্যজনের বুকের ওপর
একজন কেড়ে নেয় অন্যজনের জীবন।

এই আজব পৃথিবীতে মানুষ তার মসনদ রক্ষায়
মানুষই ভাঙে মানুষের শিরদাঁড়া, অস্থি পাঁজর
কৌশলে রোজ গুলিতে উড়ায় প্রতিপক্ষের মাথার খুলি,
তবু শুনি, আঠারো হাজার সৃষ্টির মধ্যে মানুষই শ্রেষ্ঠ!

আমি কিছুই বুঝিনা এই জগৎ সংসারের হালচাল
না বুঝি পৃথিবীর শিল্পকলা, না বুঝি সৃষ্টির দুর্বোধ্য ছলনা
আল্লাহ, এই অবোধ অধমকে ক্ষমা কর অপার মমতায়।

## সাহসীকা

লুৎফা শাহানা

তুমি একা নও হে বাঘিনী কন্যা
দেখিয়ে দাও ইচ্ছার শক্তি,
তোমার পিছনে আছে লাখো জনতা
করেছে তারা জয়ের চুক্তি।

তোমার এই একটি ধাক্কা
শত তরুণের স্রোত জাগায় বুকে,
সেইসব ভয়াল স্মৃতিকে শক্তি ভেবে
ঘুরে দাঁড়াবে তারা,
যারা ছিল স্বজন হারানোর শোকে।

যে বাঘিনীর হুঙ্কার ছুঁয়েছে আকাশ,
তাকে থামাবে কোন মহাকাল।
তাই এই ধুসর সময়ে
বাংলা ব্লকেড,
কমপ্লিট শাটডাউন,
মার্চ-ফর-জাস্টিস, রিমেম্বারিং আওয়ার হিরো'স,
দ্রোহের মিছিল
এই সব মিলে আমাদের
প্রতিবাদের রং হয়েছে লাল।

## ঠোঁট ও সাঁকো

দ্বীপ সরকার

চোখ যতদূর যায়– তারও কোন কিনারা ঘেঁষে
তোমার কেতকি চাহনী উঠেছিলো ভেসে
সে দিন খুব করে– ভেবে ভেবে– বাদামী ভালোবাসা
মনের গভীর থেকে ডুঁকরে কেঁদেছিলো তমসা
আছড়ে পড়েছিলো ঢেউ–তোমার যে পাশে পাঁজর
চন্দ্রমুখি ফুলের মতোই কেঁপে উঠেছিলো আঁচড়
যতদূর নি:শ্বাসের প্রতিধ্বনি বেজে উঠেছিলো–নিবিড়তর
অথৈ বেদনাকে ভুলে এই হাতটা ধরো
অতঃপর ঠোঁট বুঝুক–ওটা এক তৃষ্ণার প্যারালাল সাঁকো
সে সাঁকোয় পাশাপাশি একটি ছবি আঁকো

## কৈফিয়ত

মহ: মহসিন হাবিব

বারুদের গন্ধে নিভে যায় অক্সিজেন
ফোটা কুঁড়িতে ভীমরুলের নারকীয় বিচরণ
মাছেরাও কথা বলে; খোদাই হয় পাহাড়ের গায়ে
তবুও তুমি পালতোলা নৌকায়
হাওয়া পাল্টাও
প্লাবন অশ্রু ভিজিয়ে
দিয়ে যায় মায়ের আঁচল
নটী বিনোদিনী
ট্র্যাজেডির সুর মূর্ছনায়
জয় করতে চায়
কাব্য জ্ঞানীরা
চেটে চেটে মুছতে চায় কার্বন মনোক্সাইড
ওরা জানেনা
প্রতিটি গ্লোবাল ভয়েসে ওয়ার্মিং হচ্ছে কৈফিয়ত।

## বিষাদের দূরবীনে

গোলাপ মাহমুদ সৌরভ

রক্ত ললাটের লেলিহান শিখা
বয়ে যায় আজ মানচিত্রে,
হিংস্রতা যেন বর্বরোচিত হানা
পৃথিবী নামক গোল বৃত্তে।

লাশের গন্ধে এই অসুস্থ পৃথিবী
শুনে অমানবিক আর্তনাদ,
তাজা রক্তে যেন বিজয়ের উল্লাস
মমতাহীন বাকরুদ্ধ উন্মাদ।

আঁধারে মশাল জ্বেলে রেখেছো
বিষাদের দূরবীনে এঁকে ছবি,
রক্তমাখা পতাকা কিশোরের মাথা
ছায়ানটের নৃত্যে বিবর্ণ রবি।

কোথায় মানবতার মুক্তবুলি আজ
মিশে গেছে পিচঢালা কংক্রিটে,
মনুষ্যত্ব লুণ্ঠিত হচ্ছে যে নির্বিচারে
স্বাধীনতা এঁকে দিচ্ছ দেয়ালের পিঠে।

## চালচিত্র

এবি ছিদ্দিক

খড়বিচালি খাতিরি আর নেই -
নিপাট তাঁতে শুধু ঝিলমিল ঝিলমিল...
হয় তো মাকাল ফল নয় তো অশ্বডিম্ব

দৈ, দুধ ঘি ক্ষীর মধ্যযুগীয় খাতিরি নয়- ঐতিহ্য
রক্ষণশীল রাজা-রাণীর প্রাসাদও প্রাচীন নয়...

পশ্চিমা সুগন্ধিতে বন্য জীবনের প্রতিচ্ছবি!
খাতিরি নেই পিরিতি নেই-
হাতড়ে নেয়ার যৌন আবেদন আছে মাত্র!

উর্ধমূখী দালানের বৃহৎ বিজ্ঞাপন চিত্র
গিলে খেয়েছে গেদু চাচার ষোড়শী কন্যার
নিপাট বক্ষযুগল-

একচিলতে ঝোপের ভেতর টুনটুনির টানা-
চিক চিক আওয়াজে এখনো খুঁজে ফিরি
হারানো প্রিয়ায় স্বদেশের চালচিত্র


Federation of Bangladeshi Associations in North America
FOBANA
38TH ৩৮তম ফোবানা সম্মেলন ২০২৪
FOBANA
CONVENTION 2024
ON LABOR DAY WEEKEND
AUGUST 30, 31 & SEPT. 01
MARRIOTT
NEW YORK
LAGUARDIA AIRPORT
সেমিনার
কাব্য জলসা
ফ্যাশন শো
রকমারী স্টল
সাংস্কৃতিক অনুষ্ঠান
MEDIA PARTNERS
CHANNEL i
TBN 24
বাংলা পোস্ট
ASEF BARI TUTUL
CONVENER
FOBANA Convention 2024
GIASH AHMED
CHAIRMAN
FOBANA Steering Committee
DEWAN A AZIM (JEWEL)
Executive Secretary
FOBANA Steering Committee
DR. SHAJADI PARVIN
Co-Chairman
FOBANA Convention 2024
FAHAD SOLAIMAN
Member Secretary
FOBANA Convention 2024
FOR MORE INFO: 917-744-7308, 631-428-1901
www.fobanabangladeshconvention.com
HOST ORGANIZATION
AMERICA BANGLADESH CHAMBER OF COMMERCE & INDUSTRY (ABCCI)

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়

**ডা: কাজী জাফরি সাত্তার**
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস ( ইউনিক ডেন্টাল )

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

**HOW TO REACH US**
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

